

বাতায়ন

‘কেউ বা নিখাদ একাকী অন্তরা
নিঝুম ফেরে বইপত্তর কিনে
শামিয়ানার নকশা তাকে টানে
মন দিয়েছে লিটল ম্যাগাজিনে ।

--- ----- ----- ----- -----

রোদ উঠেছে শীতের সকালবেলা ।
জানলা খুলে একলা বসে ভাবি,
ফোন তুলে নিই । বন্ধুকে ফের বলি-
‘আজ বিকেলে বইমেলাতে যাবি ?’’

— শ্রীজাত
‘‘আজ দুপুরে’’



সম্পাদনা

রঞ্জিতা চট্টোপাধ্যায়

সপ্তম সংখ্যা, মার্চ, ২০১৭

Issue Number 7 : March, 2017

EDITORS
Ranjita Chattopadhyay, Chicago, IL
Jill Charles, IL, USA (English Section)

COORDINATOR
Biswajit Matilal, Kolkata, India

DESIGN AND ART LAYOUT
Kajal & Subrata, Kolkata, India

PHOTOGRAPHY
Soumen Chattopadhyay, IL, USA
Tirthankar Banerjee, Perth, Australia

PUBLISHED BY
Neo Spectrum
Anusri Banerjee, Perth, Australia
E-mail: info@batayan.org
a_banerjee@iinet.net.au

Our heartfelt thanks to all our contributors and readers for overwhelming support and response.

বাতায়ন পত্রিকা নিওস্পেক্ট্রাম দ্বারা প্রকাশিত ও সর্বসত্ত্ব সংরক্ষিত । প্রকাশকের লিখিত অনুমতি ছাড়া, এই পত্রিকায় প্রকাশিত যে কোন অংশের পুনর্মুদ্রণ বা যে কোন ভাবে ব্যবহার নিষিদ্ধ । রচনায় প্রকাশিত মতামত সম্পূর্ণ ভাবে রচয়িতায় সীমাবদ্ধ ।

BATAYAN is published by Neo Spectrum. No part of the articles in this issue can be re-printed without the prior approval of the publisher. The editors are not responsible for the contents of the articles in this issue. The opinions expressed in these articles are solely those of the contributors and are not representative of the Batayan Committee.

সম্পাদকীয়

‘প্রাণ ভরিয়ে তৃষা হরিয়ে - - - - -’

অনন্ত মহাবিশ্বে অগুণতি সৌরজগৎ। তাদের মধ্যে একটির রাজা হলেন সূর্যদেব। আর সেই সূর্যকে মাঝে রেখে নিজের নিজের কক্ষপথে ঘুরে চলেছে নয়টি গ্রহ। এই নবগ্রহের একটি হল পৃথিবী। মহাবিশ্ব তার অসীম রহস্য নিয়ে যুগে যুগে কবি, সাহিত্যিক, শিল্পী ও জ্যোতির্বিজ্ঞানীদের মনে জাগিয়ে তুলেছে বিস্ময়। কিন্তু এতসব গভীর চিন্তায় না গিয়ে পৃথিবীর কথা খুব সাধারণভাবে ভাবতে গেলে মনে হয় এ হল আমাদের ঘর, ভারী আপন আর চেনা। মহাকাশে পৃথিবীর অবস্থান ভাবলে প্রথমেই যে ছবিটা মনে ভেসে ওঠে তা হল অনন্ত অন্ধকার শূন্যে আপন গতিতে ঘুরে চলেছে নীল সবুজ এক গোলক। প্রাণের প্রকাশ যাকে গ্রহ পরিবারের অন্য সদস্যদের থেকে একেবারে আলাদা করে দিয়েছে। বৈজ্ঞানিকরা মনে করেন পৃথিবীর বুকে তরল জলের উপস্থিতিই সম্ভবত সেখানে প্রাণের বিকাশ সম্ভব করেছে। আর একটু সূর্যের কাছাকাছি হলে পৃথিবীর সব জল উবে যেত বাষ্প হয়ে। সূর্য থেকে আরও খানিকটা দূরে সরে গেলেই তার প্রতিটি জলবিন্দু হয়ে যেত বরফকঠিন। সূর্য থেকে সঠিক দূরত্বে অবস্থান আমাদের পৃথিবীর। তাই প্রাণচাঞ্চল্যে ভরপুর এই গ্রহ।

লক্ষ লক্ষ বছর আগে, পৃথিবী ছিল বহুলাংশে জলময়। সেই জলে একফোঁটা জেলির মতো আবির্ভাব হল প্রথম প্রাণ। তারপর বিবর্তনের ধারায় একে একে এল গাছপালা, মাছ, সরীসৃপ আর উভচর সব প্রাণী। তারপর সবশেষে মানুষ। এল দুটি বিশেষ গুণ নিয়ে — ভালবাসার মতো হৃদয় আর চিন্তা করার মতো মন। নিজের আনন্দে সৃষ্টি করে চলল শিল্প, সঙ্গীত, সাহিত্য, স্থাপত্য। ক্রমশঃ তার সৃজনছন্দে মিলে গেল পৃথিবীর আবর্তনের ছন্দ। প্রাণ পেল তাই মানুষের সৃষ্টিও।

আমাদের এই মহাজাগতিক বাসস্থানটির সৌন্দর্যের উৎস হল প্রাণ। বন জঙ্গল দাপিয়ে বেড়ানো বাঘ, হাতী, হায়না, গভীর সমুদ্রের তিমি, সামুদ্রিক কচ্ছপ, গাছে গাছে ফুটে থাকা ফুল পৃথিবীকে শুধু ধুলো, বরফ আর অন্যান্য মৌলিক পদার্থের সমষ্টিমাত্রতে পর্যবসিত হতে দেয় নি। আমাদের জীবন তাই প্রাণের উদ্‌যাপন। বেঁচে থাকাটাই উৎসব। বই পড়া, ছবি আঁকা, গান শোনা, বন্ধুবান্ধব জুটিয়ে আড্ডা দেওয়া, খাওয়া দাওয়া, মেলায় যাওয়া, দোকানে দোকানে ঘুরে শখের বা প্রয়োজনের জিনিসপত্র কেনা এ সবই হল সেই উৎসবের অঙ্গ। নিজের নিজের ভাললাগা অনুযায়ী এর মধ্যে কেউ কোনটা বেশী করেন, কোনটা বা একটু কম করেন। কিন্তু এর কোন একটা জীবন থেকে একেবারে বাদ পড়ে গেলে বেঁচে থাকার রংটা যেন কিরকম ফিকে হয়ে যায়। তাই সব কিছু সামিল করেই আমাদের বাতায়নের এই বিশেষ সংখ্যা ‘প্রাণ ভরিয়ে’। চকোলেট খাওয়া থেকে শুরু করে বই মেলা, নেরুদার অনুবাদ থেকে কলকাতায় নান্দীকার অভিনীত ‘পাঞ্চজন্য’ নাটকের আলোচনা — নিশ্চয়ই আপনার ভাললাগার প্রসঙ্গটিও পেয়ে যাবেন এই সংখ্যায়।

রংএর প্রসঙ্গ উঠতে মনে পড়ে গেল মাত্র কিছুদিন আগেই ছিল দোলপূর্ণিমা। রঙে রঙে মেতে ওঠার দিন। আমি নিশ্চিত দোলের দিনটি আপনারা সকলে ‘অন্তরে বাহিরে’ রঙীন হয়ে উঠেছেন। পৃথিবীর উত্তর গোলার্ধে এখন বসন্তকাল। বসন্ত ঋতু হল প্রকৃতির শীতঘুম ভেঙে জেগে ওঠার সময়, ‘প্রাণের হিল্লোলে’ ভরে ওঠার সময়। সেই বসন্তে যখন কোন প্রাণের স্পন্দন হঠাৎ চিরকালের মতো স্তব্ধ হয়ে যায়, বেদনায় ভরে ওঠে মন। গত ৭ই মার্চ আমাদের ছেড়ে চিরকালের মতো চলে গেছেন শিল্পী কালিকাপ্রসাদ ভট্টাচার্য, সকলের প্রিয় ‘কালিকা দা’। তিনি আজ আমাদের মধ্যে নেই। রয়ে গেছে তাঁর কাজ। তাঁর কাজের মধ্যে বেঁচে থাকবেন তিনি। তাঁর প্রতি আমাদের আন্তরিক শ্রদ্ধাজ্ঞাপন করি। জন্মমৃত্যুর এই ছন্দের মধ্যেই অব্যাহত থাকে প্রাণের প্রবাহ। তাঁর ভাবনায়, কাজে যে ‘লাবণ্যে পূর্ণ প্রাণ’ এর প্রকাশ তা আগামী প্রজন্মকে এগিয়ে যাওয়ার প্রেরণা দেবে।

আপনারা সকলে ভাল থাকবেন। সুস্থ থাকবেন। ২০১৭ আপানাদের আনন্দে, স্বাস্থ্যে, প্রাণশক্তিতে ভরে উঠুক এই আমাদের প্রার্থনা।

আন্তরিক শুভেচ্ছাসহ,

রঞ্জিতা চট্টোপাধ্যায়

সূচীপত্র

Bangla Section

একদিন
আনন্দ সেন 1

বসন্ত
দেবাশীষ ব্যানার্জী 2

তুমি ও আমি
দেবাশীষ ব্যানার্জী 2

অভিমান
সুজয় দত্ত 3

কাজের লোক
শুভ্র দাস 4

লিমেরিক
শুভ্র দত্ত 5

যদি ভুলে যাও
আনন্দ সেন 6

যাত্রায় শ্রীকৃষ্ণ হয়েছিলেন উত্তমকুমার
বিশ্বজিৎ মতিলাল 7

ছেলেবেলার কথা
বানী ভট্টাচার্য্য 9

অণুগল্প
ইন্দ্রানী দত্ত 11

স্ন্যাপসট – অন্ধকারের
শাশ্বতী বসু 13

মা
অনিতা মুখোপাধ্যায় 16

বর্ণপরিচয়
নন্দিনী ঋদ্ধানশ 19

অভিশপ্ত
পুষ্পা সাক্সেনা (অনুবাদ: সুজয় দত্ত) 25

বুঝিবে সে কিসে
শাশ্বতী ভট্টাচার্য 34

English Section

Vasanta
Souvik Dutta 39

The Proposal
Samrat Bose 41

A Glorious Defeat
Anjan Roy 44

Koenigsee
Jill Charles 49

If Our Hearts Travel
Jill Charles 50

A Journey With No Return
Mohan S. Kharbanda 51

Book Worlds
Carla Jankowski 55

Is This Bliss?
Kathy Powers 57

A Sacred Appearance
Bakul Banerjee 58

Panchajanya : A Drama Review
Balarka Banerjee 59

Santa's Fusion Fantasea : A Food Road Trip
Balarka Banerjee 61

একদিন

আনন্দ সেন, এ্যান আরবর, মিশিগান

আমি একদিন সীমানাগুলোকে পথের মোড়ে দাঁড় করিয়ে রেখে
হাঁটতে হাঁটতে আকাশের দিকে চলে যাব ।
পচাগলা শব গুলোকে জলে ভাসিয়ে দিয়ে
নদীর পাড়ে গোলাপের চারা পুঁতব ।

আমি একদিন সব ধর্মকে খোলা বাজারে নীলামে তুলে
দেখব কার দর ঠিক কতখানি ।
আমি একদিন লাল আগুনের বুকের মধ্যে হাত ঢুকিয়ে
নীল আগুন বার করে আনব ।

আমি আমার ভয় আর সংশয়দের যত্নে
ভাঁজ করে বুকপকেটে রাখব ।
যাতে ফুসফুসের প্রত্যেক ওঠা পড়ার তাগিদে
ওরা আমার বেঁচে থাকায় মিশে থাকে ।

আমার হাতের মুঠোয় দুমড়ে আছে যে বিশ্বাস
তার পায়ের ধুলো ঝেড়ে
তাকে মাঠে নামিয়ে দেব
যাতে আড়াল হারিয়ে সে ভরা বর্ষায় ভিজতে পারে ।

আমি একদিন মুখের রঙ তুলে ফেলব
তৃতীয় অঙ্কের আগেই
সাদা আলোয় মঞ্চে দাঁড়িয়ে গল্প বলব, রোদ্দুরের ।

একদিন আমি সারা রাত ধরে সম্পর্কগুলোর সাথে
মদ খেয়ে বেলেল্লাপনা করব
তারপর দেখব ভোরের আলোয় কে আমার পাশে শুয়ে আছে ।

আমি একদিন সব কিন্তু, যদি, আর তবুর গয়নাগুলো
পাহাড়ের মাথা থেকে ছুঁড়ে ফেলে দেব ।
কাঁচঘরের পিছনে লুকিয়ে থাকা অকারণের সাথে
এক্কা দোক্কা খেলতে খেলতে মিলিয়ে যাব বনের মাধুর্যে ।

আমি একদিন এই সব করব ।
শুধু দরজাটা খুঁজে পেতে হবে ।

বসন্ত

দেবাশীষ ব্যানার্জী, এ্যান আরবর, মিশিগান

হয়তো তুমি কোনো এক বর্ষার ঢল
আমার কাঁচের নদী নির্বাক, অচল
বাঁধ ভেঙে এসো একা এই তীরে,
আহত আয়নার বুক চিরে
নৈঃশব্দ বেঁধে রেখো তবু, অবিচল

হয়তো তুমি বিয়োগের কোনো সুর
বিষন্ন বেহাগে বাঁধা ঠুনকো সমুদ্দুর
পোড়ামাটি কবে ভিজে গেছে জলে
দুচোখ তাই স্পষ্ট, তোমার আদলে
মুক্তো কুড়িয়ে রেখো কিছু, অগোচর

হয়তো তুমি নিশ্চুপ, অতীতের কোনো বাঁকে
আমার ছুট সরলরেখায়, দিগন্তের ডাকে
তবু বসন্ত স্থির, তোমাকেই ঘিরে
ছুঁয়ে আসি তাই ফিরে ফিরে
অস্ফুটে, নির্জন কোনো কক্ষপথে

তুমি ও আমি

দেবাশীষ ব্যানার্জী, এ্যান আরবর, মিশিগান

তুমি ও আমি,
আর আমাদের মতো
অজস্র বেনামী প্রতীক্ষার ভিড়ে
সহস্র বিছিন্ন দ্বীপের ক্ষত
আর নিশব্দ প্রতিধ্বনি
নিঃর্জন নদীতীরে

তুমি ও আমি,
বায়ু হয়ে ছুঁয়ে আসি
আয়ুরেখার দুই প্রান্ত
ক্লান্ত, অবশ্রান্ত পথে
সাথে করে নিয়ে আসি ফিরে
ইমন রাগে বাঁশি

তুমি ও আমি,
মেঘ হয়ে শুয়ে
সৌদামিনীর বিষাক্ত আঁচলে
বেলা শেষের পরে
বাঁধানো ঘাটের সিঁড়ি ধরে
অলক্ষ্যে, অজান্তে
নিশ্চুপ, রামধনুর দুই প্রান্তে

তুমি ও আমি,
আর আমাদের মতো
বাদামী পাতার নীড়ে
স্বপ্ন বয় কীট হয়ে
আঁকা বাঁকা নদী পথে
বিলীন বিষন্ন সমান্তরালে

তুমি ও আমি,
সহস্র যোজন দুরে
দুই দ্বীপের দুই মরুভূমি

অভিমান

সুজয় দত্ত

এখন কদিন থাকব তোমায় ভুলে,
খুঁজব না ঘেঁটে ট্যুইটার ফেস্‌বুক,
দেখব না আর ইন্‌স্টাগ্রাম খুলে
তোমার লেটেস্ট সেল্‌ফির হাসিমুখ ।

স্মার্টফোনে আর ল্যাপ্‌টপে ঝড় তুলে
করব না টেক্সট্ দু-মিনিট ছাড়া ছাড়া ।
চ্যাট্‌বক্স থাক কিছুদিন নিষ্ক্রিয়
স্কাইপে ডাকলে মোটেই দেবনা সাড়া ।

ল্যান্ডলাইনের পাট তো চুকেছে কবে,
কলার আইডি হয়েছে ডাইনোসর ।
সেল্‌ফোনে যায় ভয়েস্ মেসেজ রাখা —
রাখলেও চেক্ করি বহুদিন পর ।

অতএব তুমি চাইলেই পারবে না
আমার মনের গভীরে গহনে যেতে ।
পাস্‌ওয়ার্ডটাই করেছ যে হাতছাড়া —
ঘাম ছুটে যাবে আমার নাগাল পেতে ।

ভাবছ হঠাৎ কেন এ নিষ্ঠুরতা ?
কী এমন হল ? অপরাধ, নাকি ভুল ?
এদতো সেদিন উচ্ছ্বাসে উল্লাসে
ছিলাম দুজন একসাথে মশগুল ।

ছিলাম, কিন্তু কতদিন থাকা যায়
'জাস্ট ফ্রেন্ড'-এর তকমাটা গায়ে সেঁটে ?
'সিগ্‌নিফিকেন্ট আদার' হয়ে যে কবে
জীবনের পথে পাশাপাশি যাব হেঁটে —

সেই আশাতেই জেগে জেগে গেছে রাত,
ডেকেছি তোমায় আধো-ঘুমে জাগরণে,
স্বপ্নে দেখেছি বাড়িয়ে দিয়েছ হাত,
উষ্ণ করেছ চুম্বনে চুম্বনে ।

বাস্তবে যদি একটু সাহসী হতে —
এড়িয়ে না যেতে মুখোমুখি দেখা হলে —
কতবার লিখে পাঠিয়েছি এস্ এম্ এস্-এ
দোহাই, এবার সত্যিটা দাও বলে ।

বলতে পারোনি, আরো বেশী সংকোচে
বাড়িয়ে চলেছ মিথ্যের জটিলতা ।
নিরুপায় আমি, আড়ালে আড়ালে থেকে
লিখে গেছি চিঠি, হৃদয়ের জমা কথা ।

ভেবেছ সেসব কথা ছিল স্ন্যাপ্‌চ্যাট্ ?
পড়া হয়ে গেলে মুছে যায় সাথে সাথে ?
সিগ্‌নাল আমি দিয়ে গেছি অবিরত —
ধরতে পারোনি তোমার অ্যান্টেনাতে ।

নাও, এইবার তিল তিল করে বোঝো
অস্বীকারের যন্ত্রণা কাকে বলে ।
কোনোদিন যদি মর্যাদা দিতে পারো,
ঠিকানা রইল, ফিরব খবর পেলে ।

কাজের লোক

শুভ্র দাস, ক্যান্টন, মিশিগান

নানা ভাবে এরা এসেছে আমাদের জীবনে
কেউ ক্ষুধার তাড়নায় অসহায়া,
কেউবা পিতৃ বিয়োগে,
সদ্য স্বামীহারা কেউ,
কেউবা স্বামী পরিত্যক্তা,
আবার দারিদ্রে অপারগ, নাচার পিতামাতার অনুরোধে কেউ ।

উৎসুক চোখে ওরা এসেছে
মাসান্তে কিছু টাকা,
আর দিনান্তে পেট ভরার আশায় ।
পরিবর্তে, যে ভালবাসা দিতে পারেনি একান্ত আপনদের
তাই তারা উজাড় করেছে পরের ছেলেমেয়েদের জন্যে

আমরা কখনো এদের ডেকেছি রুমা,
কখনো গৌরী, শ্যামলী, বুড়ি, পঞ্চমী, হিমানী, সবিতা, কাজল
কখনো বা শিখা, সাবিত্রী
প্রবাসী ছেলেমেয়েদের আশা ভরসা থেকে
এখন তাদের বাবামায়েদের কাছে
এরা হয়েছে অপরিহার্য

সকালের জলখাবারে,
সপ্তাহের রেশনে,
রান্নার বাসন পরিষ্কারে,
সময় মত বাতের ওষুধ এগিয়ে দেওয়ার,
হঠাৎ অসুস্থ হলে ডাক্তার ডাকায়,
আর সপ্তাহে একদিন টেলিফোন এলে
উৎসুক বাবা-মায়ের হাতে এগিয়ে দেওয়াতে,
সর্বত্রই রয়েছে এদের হাত

বছরে একবার ছেলেমেয়েরা আসে,
হই হুল্লোড় করে চলে যাবার সময়
মোটা বখশিস গুঁজে দেয় হাতে
বলে মা বাবাকে দেখিস, তারপর

তারপর, রোজকার কর্মময় একঘেয়েমির শেষে, টিভির পর্দার সামনে
নিজেদের স্বপ্নগুলোকে বিসর্জন দিতে দিতে
এরা হয়ত আগামী জন্মের স্বপ্ন দেখে — প্রবাসী হবার ।

লিমেরিক

শুভ্র দত্ত, সিয়াটেল, ওয়াসিংটন

বুঝিয়ে দেখাই তোদের, কিভাবে সূর্যটা যায় অস্ত
অথবা কি করে ভাগ্যের ফেরে হয় সে রাহুগ্রস্ত
এই বলে দাদা তার দুআঙুলে
সৌখিন চীনেপ্লেট থেকে তুলে
মুখের ভিতর করল চালান রসগোল্লাটা মস্ত ।

***** ***** ***** *****

ভিড় করে তোরা দেখিস দাঁড়িয়ে দেয়ালে টাঙানো ছবি
কত না বাহবা, পিছনের থেকে আমি শুনছি তো সবই
আমি যে পেরেক দেয়ালের পারে
ছবিটা আমিই রেখেছি তো ধরে
ভাবি, কবে তোরা আমার দিকেও একটু নজর দিবি ।

***** ***** ***** *****

তর্কের খাতিরেই এটা ধরা যাক তো
এক্সপিরেশন ডেট যদি লেখা থাকতো
বিষের শিশি লেবেলে;
সেই ডেট চলে গেলে
সে বিষ কি হত বেশী না কম বিষাক্ত?!

***** ***** ***** *****

কতই কেতায় বাজায় বাঁশি পাশের পাড়ার কানাই
সারে-গামা-পাধা-নি এই সাত স্বর তার জানাই
বানালো এক অদ্ভুত রাগ
পা ও ধা বর্জিত বেহাগ
নাম সে রাগের কি দেওয়া যায়? দিল 'ধানাইপানাই' ।

আকাশে উদিত বাঁকা রামধনু, অপূর্ব শোভা কি যে
সে ধনু তৈরী বৃষ্টিজলেই, ভুলে গেছিলাম নিজে
হায় হরি, শেষে একটু বাদেই
সে মেঘ মাথার ওপর এলো যেই
সাথে নেই ছাতা, অবস্থা যা তা, পুরোই গেলাম ভিজে ।

***** ***** ***** *****

যখনই জল আর ভোদ্‌কা মিশিয়ে গ্লাস থেকে ঢালি গলে
একটু বাদেই মাথা ল্যাগ্‌ব্যাগ পা-টা ঝিম্‌ঝিম্‌ টলে ।
জল-ও-রাম, সবই দেখি একই ফল ।
তাই ভাবি কিছু গড়বড় আছে নির্ঘাত ওই জলে ।

***** ***** ***** *****

চাঁদটাকে টানে পৃথিবী, চন্দ্র তাকে ঘিরে ঘোরে সে টানে
পৃথিবী তো ঘোরে সূর্যকে, সূর্য কাকে ঘিরে ঘোরে কে জানে
ঘোরায় ঘোরায় ঘোর লেগে যায়
ঘোর ঘনঘোর গোলোক ধাঁধায়
সে ঘোরার ঘোরে শুধু মাথা ঘোরে ব্রহ্মাণ্ডের-এ জ্ঞানে ।

***** ***** ***** *****

রংটা চাপা ? দরদীজন এই উপদেশ বিলায় তারে
ম্যাজিক ক্রীমের জাদুই শুধু ওর সমাধান করতে পারে
হায়রে আমার দরদীজন
কোন জাদু মন করবে শোধন
না পালটালে দৃষ্টি তোমার মনের কালো ঘুচবে না রে ।

শুভ্র দত্ত সিয়াটেলের বাসিন্দা, পেশায় রোবটিক্স প্রযুক্তিবিদ, আর নেশায় লিমেরিকবি, অর্থাৎ লিমেরিক লেখেন এমন কবি ।

তার চেয়ে একটু বিশদে বলতে গেলে – শুভ্র দত্ত আদতে কলকাতার ছেলে, পরে সিয়াটেল শহরের প্রায় তিন-দশকের বাসিন্দা । নানা সময়ে নানারকম পেশায় পা গলিয়েছেন – মহাকাশ বিজ্ঞান, ক্যামেরার ব্যবসা, বায়োমেডিকাল প্রযুক্তি, রোবটিক্স, ইত্যাদি প্রভৃতি । নেশাও নানান ধরণের; তার মধ্যে আছে ছবি তোলা, বাংলা বই পড়া, যন্ত্রপাতি তৈরী করা, ওয়েবসাইট বানানো, এবং অনর্থক অর্থহীন লিমেরিক লেখা । বাংলিমেরিক ডট কম (BangLimeric.com) ওয়েবসাইট ওনারই সৃষ্টি ।

বিশ্ব সাহিত্যের অনুবাদ

যদি ভুলে যাও

আনন্দ সেন, এ্যান আরবর, মিশিগান

তোমাকে কিছু কথা দিতে চাই বলে
হয়তো তোমার জানা এসব
হয়তো করেছ অনুভব
যখন আকাশ মাটিতে নামে পড়ন্ত বিকেলে

আমি দেখি
কাঁচঘরে মোড়া চাঁদ
পৃথিবীর বুকে আলো জ্বালে
অলস হেমন্তের রঙ
উঁকি মারে
জানলায় ঝুঁকে থাকা ডালে

আমি ছুঁয়ে ফেলি
আগুনের পায়ে শুয়ে থাকা ছাই
কুঞ্চিত পোড়াকাঠে লেগে থাকা
কালকের আশনাই

এসব আমাকে তোমার কাছে নিয়ে যায়
যেন এ সব অস্তিত্ব, এ শব্দ, গন্ধ, আলো,
এ ধাতব স্পর্শগুলো

এরা সব তরী বায়
তোমার ও দ্বীপের সন্ধানে
যে দ্বীপ আমার প্রতীক্ষায়
সারারাত মুহূর্তদের গোনে ।

কিন্তু,
হঠাৎ, তোমার ভালবাসা যদি
হয় বয়ে যাওয়া নদী
দূরে যায় সরে
এক পা এক পা করে

তখন
আমার ভালবাসা অভিমানী
পিছু হেঁটে সেও যাবে জানি
চৌকাঠের ওপারে ।

যদি হঠাৎ ভোলো আমায়
চেয়ো না পিছন ফিরে আর
জেনো আমিও নিজের মত
ভুলেছি ভোলার ক্ষত
ভুলেছি যা ছিল তোমার আমার ।

যদি ক্লান্ত হয়ে পড়ো
হারাও আমায়
উন্মত্ত অন্তহীন মিছিলের ভিড়ে
যদি খুলে নাও মুঠি
ফেলে আসো আমায় হৃদয়ের তীরে
যে হৃদয়ে পুঁতেছি শিকড়

তবে জেনে রেখো ঠিক
সেই দিনে, সেই ক্ষণে
আমিও নোঙর তুলে
বাতাসের সাথে মিলে
চলে যাব অন্য অন্তরীপ
অন্য জমিতে আমি ফেলব আঁকড় ।

কিন্তু যদি প্রতিদিন, প্রতি পলে
থাকো এ বিশ্বাসে
আমারই নিশ্বাস তোমার বারোমাসে ।
যদি প্রতিদিন তোমার ওষ্ঠবাহী গোলাপ
খোঁজে আমার মুখ
খোঁজে ভালোবাসা, আমার গভীর সুখ ।
তবে জেনো
সে আগুন নেভেনি এখনও ।

প্রিয়তমা,
আমার ভালবাসা যদি থাকে মিশে
তোমার ভালবাসার আশে পাশে
ভুলে যাবে সে সকল ক্ষরণ
আমার আমিকে নিয়ে
তোমার বাহুলগ্ন হয়ে
কাটাবে সে আনখ জীবন ।

পাবলো নেরুদার জন্ম হয় চিলির ছোট্ট গ্রাম প্যারালে ১৯০৪ সালের ১২ই জুলাই । আন্তর্জাতিক খ্যাতিস্পন্ন এই কবিকে তাঁর প্রতিভার স্বীকৃতিস্বরূপ দেওয়া হয় সাহিত্যের শ্রেষ্ঠ সম্মান নোবেল পুরস্কার । ১৯৭৩ সালের ২৩শে সেপ্টেম্বর তাঁর ঘটনাবহুল জীবনের সমাপ্তি ঘটে । "Poetry is song and fertility" — তাঁর বহু কবিতায় তাঁর নিজের এই দর্শনের প্রকাশ । উপরের কবিতাটি তাঁর বিখ্যাত "love poems" এর একটির অনুবাদ। মূল কবিতাটি হল "If You Forget Me".

স্মৃতিচারণ

যাত্রায় শ্রীকৃষ্ণ হয়েছিলেন উত্তমকুমার

বিশ্বজিৎ মতিলাল, কলকাতা

কলকাতার ভবানীপুরের ‘গিরিশভবন’ । গিরিশ মুখার্জি রোডের এই বিশাল বাড়ি অভিজাত মুখার্জি পরিবারেরই ভদ্রাসন । সেই বাড়িতেই ‘লুনার ক্লাব’ । মুখার্জি পরিবারের ছেলেদের সঙ্গে দু’-তিন বাড়ি পরের চট্টোপাধ্যায় পরিবারের ছেলেদের ওঠাবসা । মুখার্জি পরিবারের সঙ্গে আমিও আত্মীয়তার পাশে আবদ্ধ । বালক বয়স তখন, স্নেহময়ী ঠাকুমার নিত্যসঙ্গী আমি । একদিন বললেন ‘কাল গিরিশভবনে যাওয়া হবে, জগদ্ধাত্রী পুজোর আমন্ত্রণে । কিন্তু যাওয়া হবে সন্ধ্যায় ।’ ওইদিন পূজার অঙ্গ হিসাবেই বাড়ির সবাইয়ের নিশি জাগরণ । সারা রাত ধরে অভিনীত হবে ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ রচিত ‘নরনারায়ণ’, যাত্রাপালার আঙ্গিকে । ঠাকুরমা বললেন ‘কৃষ্ণের ভূমিকায় কে অভিনয় করবে জানিস, উত্তমকুমার’ ।

আমার সেই বালক বয়সে উত্তমকুমারের চাইতেও বেশি টান ছিল পুজো বাড়ির লুচি পায়েসের প্রতি । হাজির হলাম ‘গিরিশভবন’-এ পিসির বাড়িতে । দেখলাম দেবী প্রতিমার সামনে বিশাল উঠোনের মাঝে যাত্রার আসর পাতা হয়েছে । আমাদের দোতলায় নিয়ে যাওয়া হল, সেখান থেকে যাত্রার আসর ভালো ভাবেই দেখা যায় । তিনটি চেয়ার পাতা, মাঝেরটিতে আমি, একপাশে ঠাকুমা আর একপাশে এক বয়স্কা ভদ্রমহিলা, যিনি আমার অচেনা । দুই মহিলা গল্প করতে লাগলেন, আমি অপেক্ষায় আছি কখন প্রসাদ গ্রহণের ডাক পড়বে । এল সেই আকাঙ্খিত মুহূর্ত । পেট ভরে লুচিতরকারি, পায়েস খেয়ে বালক আমি সেই ঘরেরই খাটে ঘুমিয়ে পড়লাম ।

কতক্ষণ পরে মনে নেই ঠাকুমার ডাকে ঘুম ভাঙল । ‘তাড়াতাড়ি আয় এইবার উত্তমকুমার আসবেন ।’ গিয়ে বসলাম আবার দুই মহিলার মাঝে । পুরোদমে চলছে যাত্রা । একটু পরেই এলেন তিনি । খালি গায়ে, পরণে হলুদবর্ণ ধুতি । হাতে বাঁশি, মুখে মন ভোলানো হাসি । আসরে প্রবেশ পুরুষোত্তম শ্রীকৃষ্ণের । সেই আমার প্রথম উত্তম দর্শন । কিছু পরে ঠাকুমাকে বলতে শুনি পাশের মহিলাকে ‘আপনার ছেলে সত্যিই কৃষ্ণ ।’ বুঝলাম সেই মহিলা উত্তম জননী । স্মৃতিপটে এই ছবিটি যেমন আঁকা হয়ে আছে, তেমনই মনে পড়ে যায়, আমার বৃদ্ধা পিতামহীর উত্তম আগ্রহের কথা ।

এরও অনেক পরে, আর এক আত্মীয়ের বাড়িতে মাকে নিয়ে একটি বিবাহ অনুষ্ঠানে গিয়ে সামনাসামনি দেখি উত্তমকুমারকে । আজও মনে আছে আমার মা উত্তমকুমারকে বলেছিলেন ‘বিচারক’ ছবিতে উত্তমকুমারের অভিনয় কতটা ভালো লেগেছিল । মহানায়ক বোধহয় উত্তরটি আশা করেননি, তবে স্পষ্টতই খুশি হয়েছিলেন । আমার কিন্তু আজও মনে আছে উত্তম দর্শনে আমার মায়ের আগ্রহ । পরেও তিনি সেই স্মৃতিটি সযত্নে লালন করতেন ।

এরপরে, আমার সমবয়সীনিদের মধ্যে দেখেছি, প্রায় একই রকমের কৌতুহল ও উদ্দীপনা, যার কেন্দ্রে উত্তমকুমার । অবাক হয়ে ভাবি প্রজন্মের পর প্রজন্মকে, কোন মায়ায় আচ্ছন্ন করে রেখেছিলেন এই মানুষটি ।

মধ্যবিত্ত মননে তাঁর আবেদন চিরকালীন, আজও অম্লান । ‘খোকাবাবুর প্রত্যাবর্তন’-এর রাইচরণ থেকে ‘নিশিপদ্ম’-এর অনঙ্গ দত্ত । সব ধরনের চরিত্রেই পেয়েছি আমরা এক চিরকালীন নায়ককেই ।

আমাদের গণমাধ্যমগুলির উত্তমপ্রীতি, চোখে পড়ার মতো। তাঁর জন্মের ও মৃত্যুর মাস দুটিতে পত্রিকাগুলি বার করে বিশেষ সংখ্যা, সংবাদপত্রগুলি ছাপে বিশেষ প্রবন্ধ বা সাক্ষাৎকার, সঙ্গে থাকে চিত্রসম্ভার। প্রকাশনগুলি জানে, আজও পাঠকপাঠিকাদের অন্তরে চিরস্থায়ী আসন পাতা রয়েছে 'নায়ক'-এর অরিন্দমের বা 'সপ্তপদী'-র কৃষ্ণেন্দুর।

আক্ষেপের বিষয় একটাই। বাঙালির কাছে, স্ত্রীপুরুষ নির্বিশেষে, উত্তমকুমারের এই সার্বজনীন আবেদনের কারণটি কী ? এই বিষয়ে কোনও গবেষণাঋদ্ধ রচনা পাওয়া যায় না। সাংবাদিকদের যতটা আগ্রহ তাঁর ব্যক্তি জীবনের প্রতি, তাঁর অভিনয় বিশ্লেষণ বা চরিত্রায়নের দক্ষতা বা অভিনয় ব্যঞ্জনার মূল্যায়নে প্রায় ততটাই অনীহা। ভেবে দেখার সময় এসেছে যে, উত্তমকুমারকে নিয়ে, তাঁর অভিনয় শৈলীকে নিয়ে গবেষণার বড়ই প্রয়োজন।

(লেখকের পরবর্তী বয়সে চলচ্চিত্র ভাষার অধ্যায়ণ ও চলচ্চিত্র চর্চা তাঁর সময় ও মন জুড়ে থাকে। পশ্চিমবঙ্গ সরকার চলচ্চিত্র চর্চা কেন্দ্রের তিনি আমন্ত্রিত বক্তা। এছাড়া সিনেমা নিয়ে লেখাপড়া তাঁর প্রিয় কালক্ষেপ। তাঁর অন্যতম প্রিয় পুরুষ অভিনেতা উত্তমকুমার। ছোটো থেকেই তিনি বিশেষ ভাবে উত্তম সংস্কৃতিতে সম্পৃক্ত। তাঁর বাল্যকালের অক্ষয় স্মৃতি যাত্রায় উত্তমকুমারের অভিনয় দর্শন। সাংবাদিক হিসাবে তিনি উত্তমকুমারের কাজকর্মের কাছাকাছি হতে পেরেছিলেন। 'নায়ক' ছবির সেটে উত্তমকুমারের অভিনয় দেখা আরও এক অবিস্মরণীয় অভিজ্ঞতা।)

বিশ্বজিৎ মতিলাল — সাংবাদিকতা, গণজ্ঞাপন, জনসংযোগ ও বিজ্ঞাপন শিল্পের দুনিয়ায় একটি অতি পরিচিত নাম। তিনদশক সাংবাদিকতার অভিজ্ঞতা এবং দুইদশকেরও বেশী জনসংযোগের কাজে জড়িয়ে। শিক্ষকতা এবং ছাত্রদের সাথে নানাভাবে নিজেকে যুক্ত রাখার আনন্দ তাঁর দক্ষিণের বারান্দা, টাট্‌কা হাওয়ার সুঘ্রাণ।

স্মৃতিচারণ

ছেলেবেলার কথা

বানী ভট্টাচার্য্য, শিকাগো, ইলিনয়

এখনো আমার মনে পড়ে আমার বাবার সেই কালো মুখটা আর চোখ ভরা জল। পশ্চিমের নীল আকাশে বহুদুরে ঘোলা সূর্য্য প্রায় ডুবুডুবু। সারাদিন পরে গরমের উত্তাপে অর্ধদগ্ধ হয়ে একটা পাতলা গেঞ্জি গায়ে দিয়ে বাবা বোধহয় বসেছিলেন বারান্দাতে, একটুখানি হাওয়াতে গা টা জুড়োতে। আমাকে দেখেই বাবা চোখের জলবিন্দুগুলো ডানহাতে করে মুছে নিলেন যতদূর সম্ভব আমাকে এড়িয়ে। সময়টা হচ্ছে উনিশসো ষাট সাল নাগাদ। আমি মেডিকেল কলেজে ভর্ত্তি হয়েছি সবে। আমার দিদি কলেজে উচ্চশিক্ষায় রত। আমার পরের বোনও কলেজে যেতে আরম্ভ করেছে। আর আমার অনেক পরের বোন খুবই ভালো করছে হাইস্কুলে। আমাদের ভাই নেই। আমার বাবা ছোটবেলা থেকেই কাজ করে, অনেক কষ্ট করে, নিজের রোজগারে নিজের পায়ে দাঁড়িয়ে, বোনের বিয়ে দিয়ে, তারও বারটা ছেলেমেয়েদের মানুষ করে, অত্যন্ত সৎভাবে জীবনযাপন করে সুন্দরভাবে সংসার চালাতেন। বারোটা সন্তানের জন্ম দিয়ে আমার পিশেমশাই টি বি তে আক্রান্ত হয়ে অল্প বয়েসেই এ পৃথিবী থেকে চলে যান। আমার বাবার জীবন ছিল অত্যন্ত সৎ আর গভীর মায়াতে পূর্ণ। তাঁর একটাই লোভ, তা হলো শিক্ষার প্রতি। আমার বাবা মেধাবী ছাত্র হলেও বেশি পড়াশোনা করতে পারেননি বাড়ীর প্রয়োজনে। তাই বোধহয় আমাদের ছোটোবেলায় একদিন আমাদের বোনেদের সকলকে ডেকে বলেছিলেন, 'তোমাদের সবচেয়ে বড় উপহার যেটা আমি দিতে পারি সেটাই তোমাদের দোবো। সেটা হচ্ছে শিক্ষা।' মনে মনে আমার বাবার আশা ছিল মেয়েরা শিক্ষিত হলে ওরা নিজের পায়ে দাঁড়াতে পারবে। দরকার হলেও ওদের কারুর ওপর নির্ভর করতে হবে না। এটাই আমাদের বাড়ীর কাহিনী।

এবার চলে আসা যাক সেদিনের কথায় যেদিন এসেছিল আমার বাবার চোখে জল। আমার সাত মাসী, আমার মা ছিলেন সেজো। মাসীদের সবাইয়ের খুব বড়ো লোকের বাড়ীতে বিয়ে হয়েছিল। হয়তো তাঁরা খুব সুন্দর দেখতে আর ফর্সা ছিলেন বলে। আমার মাও খুব ফর্সা আর সুন্দর দেখতে তবে খুব ছোটোখাটো ছিলেন। সময় পেলেই আমার মাসীরা অনেকে মিলে আমাদের বাড়ীতে এসে উপস্থিত হতেন আর খাওয়াদাওয়া করে, অন্য লোকেদের সম্বন্ধে আলোচনা করে, বিকেলে বিদায় নিতেন। আমাদের মোটর গাড়ি ছিল না, এদিকে আমার খুব মোটর গাড়ি দেখার আর চড়বার শখ। সে রবিবার দিনটায় সারাদিন সকাল থেকে বারান্ডাতে চলাফেরা করছি, বাড়ির সামনে অনেকগুলো মোটর গাড়ি এসে উপস্থিত হবে বলে। অবশেষে একটা ছোটো মতন মোটর গাড়ি এসে বাড়ির সামনে দাঁড়ালো। আমি দেখতে লাগলাম একজনের পর একজন মাসিমা নামছেন তাদের সব ছেলেমেয়ে নিয়ে। অবশেষে সব মিলিয়ে তেরজন নামলেন সেই মোটর গাড়ি থেকে। সবচেয়ে বড়লোক মাসিমা বললেন আমাদের, 'গল্প করতে করতে সবাই একসঙ্গে আসার মধ্যে মহা আনন্দ।' আমার দিদি পরে আমার কানে কানে বলে ছিলো, 'পেট্রলের দাম বাঁচাচ্ছেন ওরা।' তারপর খাওয়া দাওয়া করে, হাজার রকমের মতামত দিয়ে বিদায় নিলেন তাঁরা গাড়িতে ঠেসাঠেসি করে বসে, বিকেল পাঁচটা নাগাদ। আমার সে রবিবারদিনটা মহা আনন্দে কেটে গেল আমাদের মাসিমাদের গুঞ্জনে, বিশেষ করে আমার বড়লোক মাসিমারা যাবার সময় সকলে মিলে আমার হাতে কয়েকটা খুচরো পয়সাও দিয়ে গিয়েছিলেন, যখন আমার মা সারাদিন ব্যস্ত ছিলেন রান্নাঘরে, বড়লোক বোনেদের আপ্যায়ন করে খাওয়াতে।

সন্ধ্যে হতে চলেছে সেদিন। প্রতিদিনের মত আমার ঠাকুমার আদেশে আমার কাজ ছিল, বাড়ীর সবাইকে একসঙ্গে করে দালানের তুলসী গাছের কাছে এনে সন্ধ্যের শাখ বাজানো আর ঠাকুরকে হাত জুড়ে মন ভরে ডাকা — যখন আমার বাবা আর ঠাকুমা মন্ত্র আওড়াবার ভার নিতেন। তাই আমি গিয়েছিলাম বাবাকে ডাকতে আর সবাইকে সম্মিলিত করতে সন্ধ্যের পুজোর জন্যে।

বাবাকে খুঁজতে এসে দেখলাম, আমার কঠোর কিন্তু দয়ালু, শান্ত, ভদ্র, স্বল্পভাষী বাবার চোখে জল। জিজ্ঞেস করলাম, 'বাবা তুমি কাঁদছো ?' আমার সত্যবাদী বাবা তাড়াতাড়ি করে মুখটা অন্যদিকে ফিরিয়ে নিয়ে বললেন, 'চল মা, সন্ধ্যের শাঁখ বাজাতে চল্।' আমি বাবাকে ভীষণ ভালবাসতাম, হয়তো আমার মায়ের থেকেও। আমিও ছাড়বো না। 'বাবা তোমাকে বলতেই হবে আজকে এত আনন্দের মাঝে তোমার মন খারাপ কেন ? আমি বাড়ীর কাউকে বলবো না।' বাবা জানেন, আমি খুব একগুঁয়ে মেয়ে। আমি সহজে ছাড়বার পাত্র নই। উত্তর না পেলে আমি হয়তো আগ্রহের চোটে বাবার এই দুর্বল মুহূর্ত্তের কথা বাড়ীর সবাইকে জিজ্ঞেস করে বেড়াবো। তাই আমার বুদ্ধিমান বাবা বললেন, 'জানো তোমার মেজমাসী আমাকে বলে গেলেন, আমার মত অবস্থার লোক মেয়েদের এত শিক্ষিত করেছি, ওদের জন্যে উপযুক্ত পাত্র খুঁজে পেলেও, তাদের ডাউরী দেবার ক্ষমতা আমার কোথায় ? কাজটা আমি ভালো করছি না, তোমাদের চারজনকে এত শিক্ষিত করে। সত্যিই তো আমি রোজ আনি রোজ খাই। বাকী টাকা কটা তোমাদের স্কুল বইখাতার খরচেই তো উড়ে যায়। আমার জমানো টাকা কোথায় ? তোমাদের সমান সমান পাত্র পেলেও তারা তো অনেক টাকা চাইবে। বোধহয় আমি কাজটা ভালো করছি না। তোমার মাসিমা ঠিকই বলেছেন। তবে মনে একটু লেগেছে, ঠিক কথা হলেও।' তখন আমারও মনটা খারাপ হয়ে গেল, বাবার মনে কষ্ট লাগার জন্যে, আর আমাদেরই জন্যে। আমার মুখ দিয়ে বেরিয়ে গেল, 'বাবা তুমি কিচ্ছু ভেবো না। আমরা বিয়ে করবো না। চলো তুমি সন্ধ্যের পুজো দিতে। দেখো ভগবান সব ঠিক করে দেবেন।'

বাবার হাত ধরে সেদিন আমি উঠোনে নিয়ে এসেছিলাম বাবাকে। না একথা আমি আর কাউকে কখনও বলিনি। আমার এ কথাও মনে আছে ঠাকুরকে বলা, সব কিছু ঠিক করে দিতে।

আজ আর আমার বাবা নেই। সেই সন্ধ্যে এখনও আমার চোখে ভাসে। সূর্য্য যখন বিদায় নিচ্ছেন, আমার বাবার দুচোখের কোণে দুবিন্দু জল আমাদেরই ভাবনাতে। সেদিন থেকে আজ অনেক বছর পরে মনে হয়, সত্যিই ভগবান যা করেন ভালোর জন্যেই করেন। হয়তো সেদিন সন্ধ্যেতে ভগবানের কাছে আমার প্রার্থনা ভগবান শুনেছিলেন। তাই বোধহয় আমার দিদির বিয়ে হয়ে গিয়েছিল এক বিলেত ফেরত খুব ফর্সা সুন্দর দেখতে নামকরা ডাক্তারের সঙ্গে, যিনি নিজে এসে দিদিকে দেখা মাত্রই সেইদিনেই বিয়ে করতে চেয়েছিলেন কিছু না নিয়েই। বাবার অনুরোধে একসপ্তাহ অপেক্ষা করেছিলেন। আমার বিয়েতেও আমার বাবাকে কোনো পয়সা খরচ করতে হয়নি, কারণ আমার বিয়ে যাকে বলে এদেশের ভাষায় 'ইলোপ'। বিয়ে হয়েছিল এদেশে পাঁচ ডলারে আর সেটা আমার স্বামীই দিয়েছিলেন। আমার পরের বোনকে আমার এক ডাক্তার বন্ধুর এতই ভালোলেগে গিয়েছিল যে তিনি তাঁর বাবাকে পটিয়ে বিনা যৌতুকে বিয়ে করেছিল আমার পরের বোনকে। আমার ছোটো বোনের বরের বাবাও কিছু চাননি যদিও বর ছিলেন আমার বাবারই পছন্দ করা জামাই। যেহেতু আমি যেতে পারিনি সে বিয়েতে, তাই আমিই পাঠিয়েছিলুম কিছুটা বিয়ের খরচ।

কে বলতে পারে কার ভাগ্যে কি আছে ? কিন্তু বাবার দেওয়া আমাদের শিক্ষার ফলের জন্যেই আমরা আজও নিজের পায়ে দাঁড়িয়ে আছি। সত্যিই বাবা আমাদের শিক্ষিত করে, আমাদের সবচেয়ে বেশি সাহায্য করে গেছেন। আজ আমি ভাবি আমার বাবার মত বাবা পাওয়া ভাগ্যের কথা। আমার মাসীমারা বাবাকে হয়তো ভালো উপদেশই দিয়েছিলেন, কিন্তু ভগবান বোধহয় তখন ওপর থেকে হেসেছিলেন।

অণুগল্প

ইন্দ্রানী দত্ত, সিডনি, অস্ট্রেলিয়া

অণুগল্প - ১

— 'এই লীলা, কাল ফোন করলি না তো । রাতের দিকে একটা এস এম এস করলাম তোকে । পেন্ডিং দেখালো । মোবাইল অফ করে রেখেছিলি না কি ?'

— 'হুঁ । শুয়ে পড়েছিলাম আধখানা ভ্যালিয়াম খেয়ে ।'

— 'মাথা ধরেছিল ?'

— 'সে তো আছেই । নিত্য সঙ্গী । আসলে কাল ও এমন অসভ্যতা করছিল — অসভ্যতাই আর কি বলব —'

— 'কেন কি হয়েছে ?'

— 'কিছুই না । কোনো ইস্যুই নয় । কোথায় কোন লকে চাবি লাগছে না, কোথায় কোন ক্যাবিনেটের হ্যান্ডেল খসে পড়ে গেছে, আমি ভুলে রাখি নি তাই হারিয়ে গেছে — এই সব ফালতু ব্যাপার নিয়ে এমন বিশ্রী ভাবে বলল যে তুই ভাবতে পারবি না ।'

— 'সে তো আমাকেও, রোজই কিছু না কিছু, আর সবই নন ইস্যু । ইচ্ছে করে সংসারের মুখে ইয়ে দিয়ে চলে যাই । এই লোক গুলো যে কি । পুরুষ বিশেষ করে বাঙালী পুরুষ মানেই এই । সব বাড়িতেই তো এক প্রবলেম শুনি । সত্যি দেখবি একদিন চলে যাব সব ছেড়ে ।'

— 'কাল বলে কি না — কি কর সারাদিন বাড়িতে, কিছু খেয়াল রাখতে পারো না ? আঙুল নাচিয়ে নাচিয়ে বলল । আঙুল তুললে এমনিতেই আমার মাথায় রক্ত উঠে যায় তার ওপর এই বয়সে এখন যদি কি করি করেছি শুনতে হয় — রাগে মাথা ঝনঝন করছিল, ওষুধ খেয়ে শুয়ে পড়লাম । সেদিন বলল গেট আউট কি না এক কথা তিনবার বলেছি । তুই ভাবতে পারিস শম্পা ? নিজের ওপরই রাগ হয় কেন পড়ে আছি এখানে । আর তুই বলিস শংকরের মেজাজ এর কথা । রূপকের আসল চেহারা যদি দেখতি । রেগে গেলে যা মনে হয় তাই বলে । ভাবতে পারবি না ।'

— 'আরে গেট আউট মানে কি গেট আউট । আমাকে তো চুলের মুঠি ধরে চড়ও মেরেছিল শংকর ।'

— 'কি বলিস মেরেছিল তোকে ?'

— হ্যাঁ, আমিও মুচড়ে দিয়েছিলাম হাত । ৬ মাস বাড়ি ছেড়ে, পুপুনের কাছে ছিলাম ।'

— 'থাক থাক ওসব কথা । আর ভাবিস না । পরশু আসছিল তো রূপাই-এর জন্মদিনে ? এখন রাখলাম । বেরোবো । রাতে কথা হবে ।'

শম্পা চিরকাল সেই রকম রয়ে গেল — কেমন একটা লো ক্লাস — মারামারি করে, আবার সে সব কথা হড়হড় করে বলে দেয় — ভাবতেই শিরশির করে আলতো একটা আনন্দ হ'ল লীলার । রূপকের নম্বর টিপল — 'শুনছ ? ব্যস্ত নাকি ?'

অণুগল্প - ২

সুমির মা বাবা দুজনেরই খুব ভয় । মেয়ে বড় হতে থাকলে মা বাবার যেমন হয় আর কি । মেয়েকে ঘিরে তারা সুরক্ষাবলয় গড়ে তুলেছে দুজনে মিলে ।

এই সময় মানে ভোরের দিকেই সুমি টিউশনে যায় শ্যামলীদির কাছে — ফিরে এসে স্কুল। কোনো পুরুষ শিক্ষকের কাছে কোনদিন প্রাইভেট পড়বে না সুমি — যা সব ঘটনা চারদিকে। উফ। সুমিকে বুক দিয়ে আগলে রাখবে ওরা — সুমির মা বাবা। সুমির হাত ধরে শ্যামলীদির বাড়ির পথটুকু পেরোয় প্রফুল্ল। মোটের ওপর নিরুপদ্রবেই। সাধারণত: এই সময় গান গাইতে গাইতে সাইকেলের চেনে তেল লাগায় গোপাল, সুমিকে দেখলেই গানের গলা চড়তে থাকে — প্রফুল্লর তো তাই মনে হয়। লালার দোকানের ফোঁটাকাটা অল্পবয়সী কর্মচারী দোকানের তালা খোলে, জুলজুল করে সুমিকে দেখে। গামছা পরা লোকটা কলতলায় সাবান ঘষে ঘষে স্নান করে। টেনশন হয় প্রফুল্লর। আজ শীতটা বেশি পড়ায় পথঘাট শুনশান। হাল্কা কুয়াশা। খুশি খুশি লাগে কেমন। শ্যামলীদির বাড়িতে সুমিকে পৌঁছে বাজারে যায় সে, বাজার সেরে মেয়েকে নিয়ে বাড়ি ফিরবে। স্কুলে নিয়ে যাবে গীতা, সুমির মা, সুমির স্কুলেই পড়ায়, একই সঙ্গে বাড়ি ফিরবে মা, মেয়ে। এভাবেই তৈরী হয়েছে সুমিকে ঘিরে তাদের সুরক্ষা বলয়।

শ্যামলীদি রিটায়ার্ড টীচার। আজ সকালে উঠতে দেরি হয়েছে। এখনও বাথরুমেই। তাঁর ছেলের বৌ সুমিকে বসতে বলে রান্নাঘরে যায়। শ্যামলীদির পড়ানোর ঘরে চেয়ার টেবিল, পেন পেন্সিল রুলার, চার দেওয়ালে গম্ভীর মুখে মনীষীরা। সুরক্ষিত সুমি বসে বসে টেস্টপেপারের পাতা উল্টোয়। ঘুম থেকে উঠে আসে শ্যামলীদির চার বছরের নাতি। উস্কো চুল, লাল সোয়েটার — চকলেট আনলে হত ওর জন্য। আচ্ছা পরের সপ্তাহেই আনবে না হয় — শনিবার ক্রিসমাস। বাবাকে বলে একটা ফ্রুট কেক কিনে আনবে শ্যামলীদি আর নাতির জন্য। বাচ্চাটা টলটল পায়ে এসে দাঁড়ায় তার পাশে। বেবি পাউডার-এর গন্ধ পার সুমি। লাল সোয়েটার তার ছোটো ছোটো হাত সুমির বুকে দেয় সটান — 'এখানে দুদু। দুদু খাবো।'

অণুগল্প - ৩

— বৌমা সুখী কে ?

উফ এই শুরু হ'ল বুড়োর দর্শন কপচানো। প্রতিদিন এই এক। খেতে বসে যত পুরাণ ধর্ম দর্শনের কথা। ঠক করে ভাতের থালা নামিয়ে রাখে সুপ্তি। তারপর বাবা শব্দটা আগে গিলে নিয়ে ভাঙা গলায় বলে, 'আপনার ছেলের সঙ্গে বিয়ে হওয়ার পর থেকে ঐ শব্দটা আমার অভিধানে নেই।' তারপর মনে মনে চূড়ান্ত গালাগালি দেয়। জোরে জোরে বললেও বুড়ো শুনতে পাবে না। কানের যন্ত্রটা খুলে খেতে বসেছে। লেবু চিপছে ডালে, ভাত মাখছে।

সুপ্তি বিজবিজ করে বলতে থাকে — আমার মত মেয়ে বলে এখনও আছে, নইলে কবে চলে যেত সংসারের মাথায় ঝাঁটা মেরে। নোংরা জঘন্য শয়তান একটা। কেন যে আছি ওর সঙ্গে এখনও — নিজের ওপরই ঘেন্না হয়।'

সুপ্তির শ্বশুর ফোকলা দাঁতে হাসে। কনিষ্ঠা, অনামিকা আলতো চাটে। আবার হাসে।

— 'কুলের অম্বলের এমন চমৎকার স্বাদ হয়েছে আজ। ঠিক আমার মার মত। কি যেন বলছিলে বৌমা ? হারামজাদা আবার ঝামেলা শুরু করেছে ?'

সুপ্তি চোখ তুলল। শ্বশুরের তোবড়ানো গালে, পিঠে কাঁধে শীতের রোদ। কাঁসার থালায় অবশিষ্ট অন্ন ব্যঞ্জন। লেবু নুন। মসৃণ লাল মেঝেয় দু ফোঁটা জল, একটা কালো পিঁপড়ে ঘুর ঘুর করছে।

সুপ্তি মুখ নামালো — আঙুল দিয়ে জলের রেখা আঁকল পিঁপড়েকে ঘিরে। দুপুরের রোদটুকু মিলিয়ে যাচ্ছিল। সুপ্তি বলল — 'না বাবা, ভালই আছি।'

সিডনির বাসিন্দা ইন্দ্রাণী দত্ত পেশায় বিজ্ঞানী কিন্তু গল্পো লেখার তীব্র আকুতি টের পান। শঙ্খ ঘোষ বলেছিলেন, ''আমরা যখন সত্যিকারের সংযোগ চাই, আমরা যখন কথা বলি, আমরা ঠিক এমনই কিছু শব্দ খুঁজে নিতে চাই, এমনই কিছু কথা, যা অন্ধের স্পর্শের মতো একেবারে বুকের ভিতরে গিয়ে পৌঁছয়। পারি না হয়তো, কিন্তু খুঁজতে তবু হয়, সবসময়েই খুঁজে যেতে হয় শব্দের সেই অভ্যন্তরীণ স্পর্শ।'' ইন্দ্রাণী খুঁজে চলেছেন।

গল্প

স্ন্যাপসট – অন্ধকারের

শাশ্বতী বসু, সিডনি, অস্ট্রেলিয়া

টুং টাং, টুং টাং জলতরঙ্গের সুরে ইন্টারকম্‌টা বেজে ওঠে হঠাৎ। ড্রেসিং টেবিলের সামনে দাঁড়ানো নৈরঞ্জনা তখন তার ডান গালে একটা কুচকুচে কালো নকল আঁচিল চেপে চেপে বসিয়ে দেবার চেষ্টা করছিল। ইন্টারকমের আওয়াজ শুনে ছুটে এসে রিসিভারটা তুলে নেয় সে।

– মেম্‌সাব ডেরাইভার সাব্ আগেয়া বাহার মে – গেটে বাহাদুরের গলা শোনা যায়।

– বলো, এই পাঁচ মিনিটের মধ্যে যাচ্ছি – বলে নৈরঞ্জনা।

ইন্টারকম্‌টা নামিয়ে ফিরে আসে আবার সে ড্রেসিং টেবিলের আয়নার সামনে। গলায় গুন্‌গুনিয়ে উঠছে খুশীর গানের সুর। তিনটে ফোল্ডিং পীসের বিরাট আয়নায় ধরা পড়ে বিচিত্রবেশী নৈরঞ্জনার প্রতিকৃতি। মাথায় উস্কোখুস্কো খাটো চুলের উইগ্ – পরনে সাদা কাপড়ের থান, সাওঁতালী ধরনের ঘুরিয়ে পড়া – হাতে রুপোর মোটা রুলী, গলায় কামরাঙ্গা বীজের কণ্ঠী – চেনাই যাচ্ছে না রূপসী আধুনিকা নৈরঞ্জনা মুখার্জীকে। তার জায়গায় দাঁড়িয়ে আছে উড়িষ্যার এক প্রত্যন্ত গ্রাম কালাহান্ডির দরিদ্র উপজাতি রমণী পার্বতী কিস্‌কু। সিওর সট্। বিদ্‌ঘুটে আঁচিলটাকে গাল থেকে নামিয়ে একটা পাত্‌লা প্লাস্টিকে মুড়ে গাড়ীর উদ্দেশ্যে পা বাড়ায় নৈরঞ্জনা। কিন্তু মনে মনে একটু দুশ্চিন্তা রয়েছে সুনীপার জন্য। ওতো এখনও এলো না।

নীচে পা রাখতেই চোখে পড়ে গেট দিয়ে ঢুকছে সুনীপা।

– তুমি চিন্তা করো না নৈনা। পার্বতীর পুরো ভারই আজ আমার ওপর। তুমি ঠিকঠাক পারফর্ম করো। আমার আজ এখানে থেকে গেলেও চলবে। গাড়ীর দিকে এগিয়ে এসে বলে সুনীপা।

– বাঁচালে ভাই। নৈরঞ্জনা হেসে গাড়ীর দিকে এগোয়। খেয়ে নিও কিন্তু সুনীপা। ফিরতে দেরী হবে আমার। গাড়ীতে উঠে বসতেই ড্রাইভার ঝট্‌তে গাড়ী স্টার্ট দেয়।

- -

ছোট্ট বিদেশী লাল গাড়ীটি ছোটে ইষ্টার্ণ বাইপাস ধরে। লক্ষ্য কইখালি গ্রামের একটি স্বেচ্ছাসেবী সংস্থা। সংস্থা ‘ভলান্টাস্’ এর অপারেটিং সাইট।

হু হু করে জানলা দিয়ে হাওয়া আসছে। নৈরঞ্জনা আরাম করে পেছনে হেলান দিয়ে বসে। অবশ্য আরাম শব্দটা তার অভিধান থেকে সে ইচ্ছে করেই মুছে দিয়েছে। কোটিপতি বিজনেসম্যানের কন্যা হয়েও তার দুর্বলতা সমাজের গরীব মানুষদের ওপর। ঝক্‌ঝকে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি নিয়েও কাজ করছে ভলান্টাসের উড়িষ্যার অপারেটিং সাইটে – কালাহান্ডি গ্রামে। কালাহান্ডি গ্রাম – যে গ্রাম বিশ্বজোড়া খ্যাতি অর্জন করেছে সম্প্রতি এবং উন্নয়নবিদ্দের পরিসংখ্যান তালিকায় ঢোকার অনায়স যোগ্যতা অর্জন করেছে একটি সামান্য কারণে। এই কালাহান্ডি গ্রামের এক কৃষক পরিবার সপরিবারে মারা গেছে অনাহারে। অনাহারে মৃত্যু ? এই যুগে ? অবিশ্বাস্য। যেখানে একটু হাত পাতার ষ্টাইল জানা থাকলে ভিক্ষার ঝুলি উপচে পড়ে দয়া দাক্ষিণ্যে – সেখানে অনাহারে মৃত্যুটা কল্পনা করাই দুঃসাধ্য। সুতরাং কালাহান্ডি বিখ্যাত।

এই বিখ্যাত কালাহান্ডিতে ভলান্টাসের অফিসে নৈরঞ্জনা মুখার্জী Health project এর ডাইরেক্টর। এই কাজ করা হয়তো শখ, হয়তো অন্য কিছু, কে বলবে ? মানব চরিত্র অতল অন্ধকারে বিরাজমান।

ক্যাচ করে ব্রেক কষল ড্রাইভার – কইখালিতে ঢোকার মুখে বড় রাস্তার ধারে । সেখানে তার কি দরকারে নামতে হবে । নৈরঞ্জনার চিন্তাসূত্র ছিন্ন হয় । নিমেষে ছেঁকে ধরে ভিখারী ছেলে-মেয়ের দল । নামানো কাচের ভেতর তাদের হাত পৌঁছে যায় ।

নৈরঞ্জনা তাদের দিকে তাকায় না । জানালা তুলে দেয় । সুনীপার সাথে পরিচয় হবার আগে নৈরঞ্জনা কিন্তু দুহাতে গরীবদের ভিক্ষে দিতো । সুনীপা বলেছিল – এতে ওদের আরো গরীব করে দেওয়া হয় মানসিকভাবে । ভিক্ষে দিতে নেই । কথাটা নিয়ে ভেবেছিল নৈরঞ্জনা । শুধু সুনীপার কথা নিয়ে নয় – সুনীপাকে নিয়েও খুব ভাবে নৈরঞ্জনা । সুনীপারও ওরই মত ঝকঝকে ডিগ্রী কলকাতার নামী ম্যানেজমেন্ট সংস্থা থেকে । কিন্তু সব ছেড়ে ও বাড়ীতে ওর মায়ের পাশে থাকে – যিনি পক্ষাঘাতে পঙ্গু এবং মানসিকভাবে সুনীপার ওপর দারুণভাবে নির্ভরশীল । কিন্তু সুনীপাও মনেপ্রাণে চেয়েছিল এই ধরণের কাজ – যেখানে ও সমাজের হতভাগ্যদের জন্য কিছু করতে পারবে । কিন্তু ওর ভাগ্যও খারাপ । পারলোনা চাকরিটা নিতে ।

সুনীপা আর ও একই সাথে ইন্টারভিউয়েতে ডাক পেয়েছিল । ভলান্টাসের কলকাতার দরগা স্ট্রীটের অফিসে একই লাউঞ্জে বসে আলাপ হয়েছিল ওর সাথে । সুনীপাই চাকরীটা পেয়েছিল Project Director-এর । কিন্তু সুনীপা নেয়নি কলকাতা ছাড়তে হবে বলে । নৈরঞ্জনা ওর এই ত্যাগের মাহাত্ম্য বোঝে না । অবশ্য যদি সুনীপা চাকরীটা নিতো – নৈরঞ্জনা কি আজকের নৈরঞ্জনা তে পৌঁছাতে পারতো ? ভাবে নৈরঞ্জনা । তার খ্যাতি আজ অনেক দূর পৌঁছে গেছে । তার বই Reality of Kalahandil-র আজ বিশ্বজোড়া খ্যাতি ।

তাছাড়া তার শরীর দয়ার শরীর । তাই কালাহান্ডি গ্রামের পার্বতী কিস্কুকে সে তুলে এনে রেখেছে তার কাছে । তার চিকিৎসার জন্য । পার্বতীর চোখের আলো ধীরে কমছে – তার প্রতিকারের জন্য ।

পার্বতীর একমাত্র ছেলে বিরসার সে স্পন্সর । তার সব খরচ যোগায় নৈরঞ্জনা । বিরসা থাকে কালাহান্ডি গ্রামে । স্কুলে পড়ে এবং অবসরে শালপাতার দোনা বানায় নিজের রোজগার করার জন্য ।

কিন্তু সুনীপার সঙ্গে নৈরঞ্জনার বন্ধুত্বের তাই বলে কোনো অঙ্গহানি হয়নি । যেকোনো প্রয়োজনেই নৈরঞ্জনাই ছুটে যায় সুনীপার কাছে । যেমন আজই পার্বতীর দেখাশোনা করার মেয়েটা অনুপস্থিত । সুনীপাকে বলতেই সুনীপা ওকে আশ্বাস দিয়েছে এই বলে যে – ওই স্বয়ং আজ পার্বতীকে দেখাশুনো করবে । নৈরঞ্জনা কৃতজ্ঞ বোধ করে সুনীপার এই সেবা পরায়ণ মনোভাবে । সত্যিই সুনীপা দরদী ।

আজ নৈরঞ্জনাদের কলকাতা ব্রাঞ্চ অফিসের অ্যানুয়াল ফাংশান । প্রতি বছর যেমন হয় আর কি, তবে এবার একটু বাড়তি জাঁকজমক । একটা নাটকও মঞ্চস্থ হবে । দরিদ্র আদিবাসীদের জীবনালেখ্য । নৈরঞ্জনাই লিখেছে । যেখানে দেখানো হয়েছে কি নির্মম দারিদ্র্যের যন্ত্রণা সেখানে । প্রধান চরিত্রে অভিনয় করছে নৈরঞ্জনা স্বয়ং । নাটকের শেষে – শ্রেষ্ঠ অভিনেতাকে মনোনীত করা হবে । বহু বিশিষ্টজনই আসছেন এই ফাংশনে । তাই আজ নৈরঞ্জনার মনে আশা আছে সে'ই আজ শ্রেষ্ঠ পুরস্কারটি পাবে । কারণ অভিনয় করাটা তার কাছে নতুন নয় ।

পার্বতীর অভিব্যক্তিগুলো মনে মনে সে আর একবার দেখে নেয় । অনেক মুদ্রাদোষ তার – অনেক ভঙ্গী – সেগুলো নৈরঞ্জনার খুব ভালোভাবেই জানা ।

- -

বিকেলের ফলাফল কিন্তু সম্পূর্ণ উল্টো হয়ে যায় । আমাদের চেনা লাল বিদেশী গাড়ীটি দেখা যায় ছুটছে বাইপাস ধরে কলকাতার দিকে । আরোহিনী নৈরঞ্জনা মুখার্জী ডাইরেক্টর, ভলান্টাস । সন্ধ্যে হয় হয় । আকাশের ছেঁড়া ছেঁড়া কালো মেঘ যেন নৈরঞ্জনার মুখেও ছেয়ে আছে । ইস্টার্ণ বাইপাসের হু হু হাওয়াও এই গুমোট মেঘ সরাতে পারছে না ।

নৈরঞ্জনা আজ পরাজিত । আজকের অভিনয়ে সে কিছুই করতে পারেনি । এ একটা অবিশ্বাস্য ঘটনা বলে তার মনে

হচ্ছে। তবে কি তার কাহিনীতে আদিবাসী জীবনের নগ্ন দারিদ্রের রসদ যথেষ্ঠ পরিমাণে ছিল না ? তবে কি আরো কিছু ক্রুর বাস্তবের প্রয়োজনীয়তা ছিল ?

চিন্তার ব্যাঘাত ঘটে 'শরৎবিহার' গেটটি নজরে এসে যাওয়ায়। নৈরঞ্জনার কলকাতার বাসভূমি।

ড্রাইভারকে বিদায় দিয়ে ওপারে উঠে আসে নৈরঞ্জনা। ইয়েল লক্ খুলে ভেতরে ঢুকতেই একটা মূর্তি প্রচন্ড আর্তচিৎকারে ভেঙ্গে পড়ে ওর পায়ের ওপর।

পার্বতী – পার্বতী কিস্কু – ওর পায়ের ওপর কান্নায় ভেঙ্গে পড়েছে। সুনীপাকে দেখা যায় – সে এগিয়ে আসে, জোর করে পার্বতীকে তুলে ধরতে চেষ্টা করে।

পার্বতী আকুল চিৎকারে মাথা ঠুকছে মেঝেতে। তারই মধ্যে টুকরো টুকরো বিলাপ জুড়ে কিছুটা অর্থ পায় নৈরঞ্জনা। বাকীটা সুনীপা বলে।

বিরসা নেই। পার্বতীর একমাত্র সন্তান বিরসা। শালগাছ থেকে পা হড়কে পড়ে মরেছে। শালপাতা তুলছিল সে দোনা বানাবে বলে। দুপুরেই এসেছে এই দুঃসংবাদ।

নৈরঞ্জনার মনে তখন অনেক মেঘের আঁকিবুকি – অনেক উতলা বাতাস – অনেক অন্ধকার। সে অন্ধকারে ভেসে ওঠে একটা ভাবনা – ঘটনাটা যদি গতকালই হতো – তবে আজকের নাটকের কাহিনীতে যোগ হতে পারতো আরো কিছু মর্মস্পর্শী ঘটনা – তাহলে . . . .

ততক্ষণে নৈরঞ্জনা দেখে সুনীপা দু-হাত দিয়ে জড়িয়ে ধরে আছে পার্বতীকে। সেও কাঁদছে আর আঁচল দিয়ে মুছিয়ে দিচ্ছে পার্বতীর চোখের জল।

গল্প

মা

অনিতা মুখোপাধ্যায়, কলকাতা

বাড়ী বাড়ী ঘুরে চিঠি বিলি করাই রামলোচনের কাজ । দীর্ঘদিন এই কাজ করে চলেছে সে । এখন বয়স হয়েছে । তাই কোন পাড়ায় কোন বাড়ী, কোন বাড়ীতে কোন নামে চিঠি আসে সেটা তার জানাই হয়ে গেছে । নতুন নতুন ভাড়াটে এলে অবশ্য অসুবিধায় পড়তে হয় । দুপুরে যখন সে চিঠি নিয়ে বাড়ী বাড়ী ঘোরে সব বাড়ীর দরজাই প্রায় তখন বন্ধ থাকে — নাম দেখে চিঠি দেওয়া, তাই মানুষটা যে কে তা সে জানতেই পারে না ।

অনেক সময় ইচ্ছে হয় একবার দেখতে নামের মালিককে । যাদের নামে বেশী চিঠি আসে তাদের দেখার তাগিদ রামলোচনের তত বেশী নেই । কিন্তু মাঝে মধ্যে রঙীন খামে মিষ্টিমধুর গন্ধ মাখা কোন মেয়ের নামে যদি চিঠি আসে এই বয়সেও তার মুখে মৃদু হাসির রেখা ফুটে ওঠে । নিজের যৌবনের দিনগুলো উঁকি মারতে থাকে নিজের ভিতরে ।

তখনকার দিনে মেয়েদের অনেক ঝামেলা ছিল । বাইরে বেশী বেরোতে পারত না — বেরোলেও পাহারাদার একজন থাকবেই । মেলা মেশায় বিশেষ সুযোগ ছিল না । কাজেই এই রকম চিঠি চট করে একটা আসত না ।

তার নিজের জীবনেও মেয়ে বলতে খালি উমাশশী । মা জোর করে বিয়ে দিয়ে দিয়েছিলেন । সাধারণ ঘরের অতি সাধারণ মেয়ে । সংসার, রান্না খাওয়া, স্বামী শাশুড়ীর সেবা করা — এই সবই তার জীবনের লক্ষ্য ছিল । রোমান্স বা অনুরাগের ছোঁয়ার স্পর্শ ছিল না সেখানে । রামলোচন নিজেও অতশত বুঝতো না ।

গ্রামের সহজ সরল ছেলে — তাই অতি সাধারণ ভাবেই তার জীবন কেটেছে ।

লেখাপড়া পাঠ চুকিয়ে জীবন যুদ্ধে লেগে পড়েছে । সংসারে মায়ের কথাই সব, তাই মা যেমন বলতেন সে ভাবেই জীবন কাটিয়েছে সে ।

বিয়ে করার হুকুম হয়েছে, তো বিয়ে হয়ে গেছে । কলকাতায় এসে পোস্ট অফিসে এই পিওনের চাকুরীটা করতে করতে এখন অনেক কিছু শিখেছে সে ।

এখন বয়স হয়ে চারিদিকে দেখেশুনে প্রেমের অর্থ বুঝতে শিখেছে । তাই মুখে মৃদু হাসি নিয়ে রঙীন চিঠি বিলি করে বেড়াচ্ছে ।

আজ দুদিন ধরে রামলোচনের চিন্তার শেষ নেই । একটা চিঠি তাকে উদভ্রান্ত করে রেখেছে । ‘হালদার বাবু রোড’ নামে কোন রাস্তা সে এত বয়সেও শোনেনি । নন্দদুলাল রায়-এর নামে একটা চিঠি, ৫ নম্বর হালদার বাবু রোড — এই ঠিকানায় এসেছে । মেয়েদের কাঁচা হাতের লেখা ।

কিন্তু এই নামের রাস্তার কোন সন্ধান নেই রামলোচনের কাছে । সে আগেকার দিনের মানুষ । তাই অত্যন্ত কর্তব্য পরায়ণ । এই চিঠিটা যে লিখেছে এবং এটা যার পাওয়ার কথা তাদের প্রতি তার তো একটা কর্তব্য আছে । চিঠি যথাস্থানে পৌঁছনোই তার কাজ । এই কাজে গাফিলতি সে একেবারে সহ্য করতে পারে না ।

মহাচিন্তায় দিন কাটছে তার । নন্দদুলাল রায়কে সে খুঁজে বার করবেই । জানে না কে এই চিঠি লিখেছে যদি খুব দরকারী হয় । চিঠিটা সে আলাদা করে সরিয়ে রেখেছে । পোষ্টমাষ্টারবাবুর কাছে রাস্তাটার নাম নিয়ে জিজ্ঞাসা করতে গিয়েছিল । এই নামের রাস্তা কিছুতেই খুঁজে পাওয়া যাচ্ছে না । পোষ্টমাষ্টারবাবু চিঠিটার ভার তার হাতেই দিয়ে দিয়েছেন ।

অনেক খোঁজাখুজির পরেও বিফল মনোরথ হয়ে রামলোচন চিঠিটা যত্ন করে তুলে রাখে। রোজই রাস্তায় ঘোরার সময় মনটা খচখচ করে। নানান লোকের খবর নেয়। কিন্তু কোন লাভ হয় না। এইভাবেই প্রায় একমাস কেটে যায়।

আবার একদিন তার চিঠির থলি থেকে কাঁচা হাতের ঠিকানা লেখা নন্দদুলাল রায়-এর নামে একটা চিঠি বেরিয়ে পড়ে।

চিঠিটা হাতে পেয়ে রামলোচন ধপাস করে বসে পড়ে। হায় হায় কি যে হবে। জানি না কাদের সঙ্গে ভগবান এই খেলাটা খেলছেন — রামলোচন মধ্যে থেকে দোষী হয়ে পড়ছে। ভাবতেও খারাপ লাগছে তার। কি হবে কে জানে।

একদিন বসে ভাবতে ভাবতে তার মাথাটা গরম হয়ে ওঠে। যত্ন করে রাখা চিঠি দুখানা বার করে প্রথম চিঠিখানার খাম খুলে দেখে। চিঠিটা এইভাবে লেখা —

বাবা নন্দ,

আজ পাঁচবছর তোমার কোন চিঠি বা খবর পাইনি। তোমার এই দুখিনী মাকে এই ভাবে কি করে ভুলে গেলে বাবা ? আমি তা কিছুতেই বুঝতে পারছি না।

নিতান্ত অসহায় হয়ে তোমাকে এই চিঠি লিখছি। এতদিন ধান ভেঙ্গে, নাড়ু তৈরী করে গ্রামের অন্যের বাড়ীতে নানা রকম কাজ করে নিজের খরচ চালাচ্ছিলাম।

কিন্তু শরীর এখন এতই দুর্বল ও খারাপ হয়ে পড়েছে যে আর কোথাও কাজ করার ক্ষমতা নেই। বাবা আমার বড়ই বিপদ। মাসে অন্ততঃ একশো টাকা না পাঠালে আমার ভাত জুটবে না। যদি এত টাকা না পার কিছু কম পাঠিও। তাতেও আমি একবেলা ফ্যানভাত খেয়ে চালিয়ে নেব।

কলকাতা গিয়ে টাকা রোজগার করে পাঠাবে বলে কথা দিয়েছিলে। মায়ের অবস্থাটা একটু ভেবে দেখ বাবা।

আশাকরি ভাল আছ। পাড়ার রমাবৌমাকে দিয়ে এই চিঠি লেখালুম।

আশীর্বাদ জেন

আশীর্বাদিকা মা

চিঠিটা পড়ে কিছুক্ষণ স্তব্দ হয়ে বসে থাকে রামলোচন। মাথাটা ঝিম ঝিম করে ওঠে। ওঃ কি নির্মম ? এমন ছেলেও আছে ! নিজের মাকে কেউ এত কষ্ট দিতে পারে ভাবতেও পারে না রামলোচন। কোন এক দুখিনীমা সামান্য কটা টাকার জন্য ছেলের কাছে এইভাবে লিখেছেন। কলকাতায় এসে টাকা রোজগার করে মাকে পাঠায়নি ভাবতেও মনটা বিরক্তিতে ভরে ওঠে। নিজে এত বেশী উত্তেজিত হয়ে পড়ে যে তখনই দ্বিতীয় চিঠির খামটা খুলে দেখে। এই চিঠিতেও না জানি আর কি লেখা আছে। আগের চিঠির উত্তর বা টাকা না পেয়েই নিশ্চয় কিছু লেখা হয়েছে। এক্ষুনি সেটা জানার জন্য চিঠিটা খুলে পড়াও শুরু করে —

বাবা নন্দ,

তোমার কাছে লেখা আগের চিঠির কোন জবাব পাই নি — কোন টাকাও তুমি পাঠাও নি।

বড়ই বিপদে পড়ে আবার তোমাকে এই চিঠি লিখছি। এটা জেনো, টাকা না পেয়ে আর কিছুতেই চলবে না। নিদেন পঞ্চাশটা টাকা তুমি এখুনি পাঠিয়ে দাও। বেশী টাকা আমার চাই না। এটুকু টাকা যত তাড়াতাড়ি সম্ভব পাঠিয়ে দাও। আমি তোমাকে কোন কষ্ট দিতে চাই না বলেই এতদিন কিছু চাই নি। নেহাৎ নিরুপায় হয়ে এই চিঠি লিখছি।

আশীর্বাদ জেনো

তোমার দুখিনী মা

চিঠিটা পড়ে রামলোচন বাক্যহারা হয়ে পড়ে। চোখে জল এসে যায়। রাগে দুঃখে অদেখা নন্দলালকে শাস্তি দিতে ইচ্ছে হয়। ছিঃ ছিঃ নিজের মাকে এত কষ্ট কেউ দেয় কি করে।

বাকী রাতটুকু না ঘুমিয়েই কেটে যায়। সকাল হতেই পোষ্ট অফিসে ছোটে রামলোচন। চিঠির ভেতরে লেখা গ্রামের নামটা পেয়ে পোষ্ট অফিস থেকে সেই গ্রামের পোষ্ট অফিসের সব খবর সংগ্রহ করে সে।

ওপরে নন্দদুলাল রায়-এর মা লিখে নিজের পকেট থেকে দেড়শত টাকা মানি অর্ডার করে পাঠিয়ে দেয়। নিজের নাম ও ঠিকানা লিখে নিজেকে নন্দদুলালের বন্ধুর পরিচয় দেয় সে।

সেই দুখিনী মায়ের কথা ভাবতে গিয়ে নিজের মায়ের মুখখানা খালি মনে পড়ে যাচ্ছে তার আর দুচোখ দিয়ে অশ্রুধারা গড়িয়ে পড়তে থাকে।

দিন পনেরো পর সেই কাঁচা হাতের লেখা একটি চিঠি তার ঠিকানায় আসে। না দেখা বউটি লিখেছেন, যেদিন রামলোচনের পাঠানো টাকাটা গ্রামে পৌঁছয় সেইদিনই ওই দুখিনী মা শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। গ্রামের লোকেরা তার পাঠান টাকায় তাঁর শবদাহ ও শ্রাদ্ধের কাজ সম্পন্ন করেছেন। তাই তাড়াতাড়ি টাকা পাঠানোর জন্য ধন্যবাদ জানাচ্ছেন।

চিঠি পড়ে রামলোচনের চোখদুটি জলে ভরে যায়। না দেখা মায়ের উদ্দেশ্যে প্রণাম জানায় সে। ভগবান তার মাথায় এই বুদ্ধিটা দিয়েছিলেন তাই তাঁকেও প্রণাম জানায়।

অনিতা মুখোপাধ্যায়ের ছোটবেলা থেকেই কবিতা লেখা ও আবৃত্তি আর গানের প্রতি আকর্ষণ ছিল। বেথুন কলেজের স্নাতক অনিতা ''সৌরভ সঙ্গীতায়ন'' থেকে ''সঙ্গীত ক্রিয়া বিশারদ'' উপাধিতে সম্মানিতা হন। সঙ্গে চলতে থাকে কবিতা ও গল্প লেখা। বিভিন্ন সময়ে বেশ কিছু পত্র-পত্রিকায় তাঁর লেখা প্রকাশিত হয়েছে। প্রথম কাব্যগ্রন্থ ''বিরহী'' প্রকাশিত হয় ২০১০ সালে। গল্প সংকলন ''দুরন্ত জীবন'' প্রকাশিত হয় ২০১১ সালে, ''ঐশ্বর্য'' তাঁর নবতম কাব্য সংকলন যা স্বীয় দ্যুতিতেই কাব্য রসিকের নজর কাড়বে।

গল্প

বর্ণপরিচয়

নন্দিনী ঋদ্ধানশ, কলকাতা

অনেকদিন পরে বেশ খানিকটা সময়ের জন্য আজ আমি বাড়ির বাইরে বেরিয়েছি, একা। অভ্যাস যে একেবারেই নেই, এমন নয়। তবে স্বভাবের মধ্যে কোথায় যেন একটা কিন্তু ভাব গড়ে উঠেছে। সারাক্ষণ অন্য কারুর অজুহাতে আমার বাইরে বেরনো। ছেলে মেয়ের টিউশন, স্পোর্টস বা নাচের ক্লাসের জন্য, বা সংসারের বাজার করতে। ছুটির দিনে আমরা সবাই একসাথে সময় কাটাই, বাড়িতে বা বাইরে। আজ একা, নিজের কাজে বেরিয়ে তাই প্রথমে মনে হচ্ছিল কী যেন একটা নেই। সঠিক ভাবে বলতে গেলে, সামথিং ওয়াজ মিসিং।

মিসিং শব্দটি বড় অদ্ভুত। ব্যক্তি বা অনুভূতি, দুটোর ক্ষেত্রেই একে ব্যবহার করা যায়। অথচ বাংলায় সোজা অনুবাদ করলে ''আই অ্যাম মিসিং ইয়উ'' হয়ে যাবে ''আমি তোমাকে হারিয়েছি''। গুগল ট্রান্সলেটে ফেলে দেখলাম, বলছে মিসিং মানে অনুপস্থিত, নিরুদ্দেশ, বা পাওয়া যাইবে না এমন। ঠিক মনের মতো ব্যাখ্যা হল না। আমি যদি বলি নিজেকে মিস করছি, তার মানে তো এই না যে আমি নিজেকে হারিয়ে ফেলেছি, আর কোনওদিন খুঁজে পাবো না। সময়ের সাথে সাথে সব মানুষই বদলে যায়, সেটাই তো স্বাভাবিক, সেটাই তো জীবনের আবহমান ধারার নিয়ম। ব্যক্তিত্বের কোনও কোণাই অপরিবর্তনীয় থাকে না। সবকিছু বদলে যায়। কুড়ি বছর আগেকার আমির সাথে যদি আজ হঠাৎ রাস্তায় দেখা হয়ে যায়, নিজেই নিজেকে চিনতে পারব কি না সন্দেহ। রোজ আয়নায় নিজেকে দেখেও এই পরিবর্তন আমার নজর এড়িয়ে গিয়েছে। অন্যদের সাথে অনেকদিন পরে দেখা হলে বুঝতে পারি যে সময় আর আমি, দুজনেই বদলে গিয়েছি। সুযোগ পেলেই যে ''মা, একটু আসছি'' বলে কয়েক ঘন্টার জন্য ঘুরতে বেরিয়ে পড়তো, তাকে আজ বাড়ি থেকে নিজের কাজের জন্য বের করা হয়েছে অনেক ধাক্কা দিয়ে। বরের সময় নেই, ছেলে-মেয়ে সঙ্গে আসতে নারাজ। বন্ধুবান্ধব সবাই নিজের নিজের সংসারের কাজে ব্যস্ত। আর কাজটাও তো নেহাত বোরিং — আধার কার্ডের জন্য লাইন দেওয়া। গতকাল সকালে বর এসে আমার নাম লিখিয়ে গিয়েছে যেখানে কার্ড বানানো হচ্ছে সেই অফিসে ওরা আজ দুপুরে আসতে বলেছিল।

''ফর্ম ভরে জমা দিয়েছি। রিসেপশানের ছেলেটি বসতে বলেছে।'' বরকে মেসেজ করে জানিয়ে দিলাম সব এখন অবধি ঠিকমতো এগিয়েছে। সময় কাটানোর জন্য করার মতো কিছুই নেই। খেয়াল করিনি যে সঙ্গে একটা বই নিয়ে এলে ভাল হত। আসলে ব্যাগে বই নিয়ে ঘোরার অভ্যাস চলে গিয়েছে অনেকদিন। প্রেম করার সময় অবধি তাও একটু আধটু ছিল, বিয়ের পর পদবী, গায়ের অলঙ্কার, স্থায়ী বাসস্থানের ঠিকানার মতো ব্যাগের গহ্বরটিতে বয়ে বেড়ানো বস্তুগুলোও পাল্টে গিয়েছে। বরের সঙ্গে ঘুরতে বেরিয়ে, রেস্তরাঁয় বা কফি শপে বই খুলে বসা যায় নাকি ? বিয়ের বছর দুয়েক পরে, সেজেগুজে বাইরেও যখন আমাদের মধ্যের কথোপকথনের ধরণ প্রায় বাড়ির মতই থেকে যেতে শুরু করেছিল তখনও ব্যাগ থেকে বই বার করে পড়ার ভাবনা মাথায় আসেনি। ততদিনে, লেখা শব্দের টানের রেশটা থেকে গেলেও ওদের সান্নিধ্যের কথা আমি প্রায় ভুলেই গিয়েছি। তারপর আস্তে আস্তে প্রথমে মেয়ে তারপর ছেলের দুধের বোতল, জলের বোতল, ডায়পার, ওয়াইপ্স, জামা, খেলনা, চকলেট, এইসবেই আমার ব্যাগ ভরে উঠল। এখন ওরা অনেকটাই স্বাবলম্বী, তাই আমার ব্যাগের গহ্বরটাও ফাঁকা হয়ে গিয়েছে।

খেয়ালের জট ছাড়াতে-ছাড়াতে নিজের নামটা অপরিচিত কণ্ঠে শুনতে পেলাম। মাথা ঘুরিয়ে তাকিয়ে দেখলাম রিসেপশানের ছেলেটা আমাকে ডাকছে। ওর টেবিলে গিয়ে দাঁড়াতেই ফর্মের একটা শূন্য স্থানের দিকে ইঙ্গিত করে বলল, ''এখানে কিছু লেখেননি কেন ?'' নিজের ঠিকানার ওপরে ওখানে ''কেয়ার অফ বা প্রজত্নে লিখতে হত। ''ওহ, খেয়াল করিনি'', আমি একটু কুণ্ঠিত বোধ করলেও নরম সুরেই বললাম। মনে মনে ভাবছিলাম এত বয়স হল আমার, এখনো কেয়ার অফ লিখতে হবে কেন ? ''স্বামীর নাম বলুন'', ছেলেটি প্রায় জেরার সুরে বলল। বললাম। এদের সাথে তর্ক করে

লাভ নেই, তাই বললাম । বানানটাও বলে দিলাম । সঙ্গে আনা ঠিকানা আর পরিচয়ের প্রমাণ যাচাই করে আবার বসতে বলল । এতক্ষণ যে চেয়ারে বসেছিলাম, দেখলাম এরই মধ্যে অন্য কেউ সেখানে বসে পড়েছে । একটু অভিমান হল, নিজের জায়গায় অন্য কাউকে বসা দেখে । মেয়ের জন্মের সময় চাকরি ছাড়ার পরে একই ধরণের অভিমান অনুভব করেছিলাম যখন ফাইনাল সেটেলমেন্টের চেক নিতে গিয়ে আমার জায়গায় অন্য একটি মেয়েকে বসা দেখেছিলাম । আমার জায়গা বলে আদতেও কী কিছু আছে ? এখনো তো শুধু আমার নাম আমার পরিচয় নয় । স্বামী বা বাবার নাম বলতে হয় । বাড়ির মালিকানা যৌথ হলে কী হবে, ও গৃহকর্তা, তাই সবাই আমাদের বাড়ি চেনে ওর নামে, আমি হলাম পাড়াতুতো বৌদি ।

নতুন আরেকটা চেয়ার বেছে আবার বসে পড়লাম । প্রথমে বলেছিল ঘন্টা দেড়েক সময় লাগবে, কিন্তু সেই সময় তো অনেকক্ষণ আগে পার হয়ে গিয়েছে । চোরা উত্তেজনার চোটে সকালে ভাল করে ব্রেকফাস্ট করিনি । খিদে পেয়েছে । রিসেপশানে এখন অন্য একজন বসা । তাকে জিজ্ঞেস করলাম আমার নাম ডাকতে কতটা সময় লাগবে । বললেন ''কুড়ি-পঁচিশ মিনিট'' । রাশভারী ব্যক্তিটিকে জানিয়ে যে আমি একটু সময়ের জন্য নিচে যাচ্ছি, বাইরে বেরিয়ে এলাম । ফুটপাথে প্রচুর খাবারের দোকান । পুরী-সব্জি, মোমো, চাউমিন, কুলচা-ছোলা, এমনকি খিচুড়ি পর্যন্ত রয়েছে । আবার সেই একই বিপদ, একা একা খাওয়ার অভ্যাস চলে গিয়েছে । কী খাবো বুঝে উঠতে পারছিনা । বাচ্চারা সঙ্গে থাকলে নিঃসন্দেহে চাউমিন খাওয়া হত । শুধু বর আর আমি থাকলে লুচি বা কুলচা । খিচুড়ি খেতে আমার খারাপ লাগে না, কিন্তু একা বেরিয়েছি বলে আমি খিচুড়িই বা খাবো কেন ? কয়েক পা এগিয়ে দেখলাম একটা চায়ের দোকান । ডিম পাউরুটি সাজানো রয়েছে । অনেকদিন দোকানের ডিম পাউরুটি খাওয়া হয়নি । বললাম ডাবল ডিমের অমলেট আর বাটার টোষ্ট দিতে । সঙ্গে গ্লাসে করে চা । প্রথম কামড়েই যেন মনের ওপর জমে থাকা অনেকগুলো বছরের ধুলোর ওপর আঁচড় পড়ল । আমার মর্নিং কলেজ ছিল তাই ভোরবেলা দাঁত মেজে চা বিস্কুট খেয়েই বাড়ি থেকে বেরিয়ে যেতে হত । ক্লাসের ফাঁকে বাইরে বেরিয়ে ডিম টোষ্ট খেতাম বন্ধুদের সাথে । আজ মুখে যেন আবার সেই স্বাতন্ত্রের স্বাদ ।

ঠোঁটের ফাঁকে হাল্কা হাসি নিয়ে আমি আবার ওপরে গিয়ে অপেক্ষা করতে লাগলাম । কিছুক্ষণের মধ্যেই আমার নাম ধরে আবার ডাকল । আমার হাতে আগে জমা দেওয়া ফর্ম ধরিয়ে দিয়ে ভেতরের কেবিনে চলে যেতে বলল । ওখানে ছবি তুলল, চোখের মণি আর ফিঙ্গার প্রিন্ট স্ক্যান করল । ইউনিক আই ডী কথাটা শুনে বেশ ভাল লাগল । তাহলে কিছুতো হল এখনো যা আমার নিজস্ব সত্তাকে অন্য সব পরিচয়ের গন্ডির বাইরে রাখতে সক্ষম । হলই বা বায়োম্যাট্রিক্স টেকনোলজি দিয়ে প্রমাণিত । আমার মতো আর কেউ নেই, অন্য কেউ আমি হতে পারবে না, সেটা জেনে মনটা খুশী খুশী লাগছে ।

ওদের দেওয়া স্বীকৃতি পত্র নিয়ে বাইরে এসে বরকে ফোন করে জানালাম যে কাজ হয়ে গিয়েছে । ও বলল অ্যাপ দিয়ে গাড়ি বুক করে নিতে । ভাল মেয়ের মতো ''আচ্ছা'' তো বলে দিলাম, কিন্তু আজ তাড়াতাড়ি বাড়ি ফিরে যেতে ইচ্ছে করছে না । শহরের এই এলাকায় আমি আগে কখনো আসিনি, তাই একটু ঘুরে দেখতে ইচ্ছে করছিল । ডান-দিকে যাব না বাঁ-দিকে, সেটাই বুঝতে পারছিলাম না । কাজের জন্য ডান হাত ব্যবহার করি, বাঁ হাত হল যোগালি, তাই ওর মর্যাদা যেন ডান হাতের তুলনায় একটু কম । ''আজকে আমি বাঁ দিকেই যাব'' ঠিক করে নিয়ে হাঁটতে শুরু করলাম । একটু এগিয়ে বুঝতে পারলাম সামনেই বড় রাস্তা, বাড়ি ফেরার হাতছানি । ইউ-টার্ন নিয়ে ফুটপাতের একধারে দোকান আর অন্য ধার ঘেঁসে বেড়ার মতো গজিয়ে উঠা স্টল দেখতে দেখতে যাচ্ছিলাম । শীত পড়েনি, তবুও মাটিতে প্লাস্টিক পেতে সাজিয়ে রাখা নানা রঙ্গের মোজার পসরা আমাকে টানছিল । ছেলে, মেয়ে, বর, কেউ এই কোয়ালিটির মোজা পরে না, আমিও বহুকাল পরিনা । বড় দোকান থেকে ভাল মোজা কিনে আনি সবার জন্য । কিন্তু এক সময় তো এই মোজাও পরেছি । তখন যদি স্কিন অ্যালার্জি না হয়ে থাকে, এখনো নিশ্চয়ই হবে না ? ''হলে দেখা যাবে''। একটু বেপরোয়া ভাবেই নিজের জন্য মোজা বাছতে মাটিতে উবু হয়ে বসে পড়লাম । সবুজ আর সাদা ডুরে কাটা একজোড়া মোজা হাতে নিয়ে দাম জিজ্ঞেস করলাম । ''জোড়া চল্লিশ করে, তিন জোড়া নিলে একশ দশে দিয়ে দেব,'' মোজা বিক্রি করা বুড়ীর গলায় বেশ উত্তেজনা । এক জোড়াই পরব কি না ঠিক নেই, তিন জোড়া নিয়ে কী করব না ভেবেই, যৌবনের স্বভাব মতো বললাম ''একশতে দাও'' । বুড়ী মনে মনে ঠিক জানত আমি একশ বলব, তাই আর কিছু না বলে চোখের ইশারায় আমাকে মোজা বেছে নিতে বলল ।

সবুজ, বেগুনী আর হলুদ-এই তিন রঙ্গের মোজা ব্যাগে ভরে বুড়ীকে টাকা দিয়ে আমি আবার এগিয়ে চললাম। আর কিছু কেনার মতো চোখে পড়ছিল না। অনেক পুরনো একটি সিনেমা হলের সামনে ছোলা মাখা বিক্রি করছিল। দেখে খুব লোভ লাগল, তাই দশ টাকার ছোলা মাখা কিনেই ফেললাম। ঠিক আমার মনের মতো ঝাল দিয়েছে, যাকে আমাদের রান্নার দিদি বলে ''লক্ষ্মী ছাড়া ঝাল''। বাড়িতে একমাত্র আমিই ঝাল খেতে পারি। পারি বলাটা অর্ধ সত্য, আমি ঝাল খেতে ভালবাসি, কিন্তু অন্য কেউ খায় না তাই ঝাল ছাড়া রান্না হয়, আর আমিও রোজ পাতে লঙ্কা নিয়ে বসতে ভুলে যাই। না খেতে খেতে যা হয়, আজকে এই ঝাল ছোলা মাখা খেতে খুব ভাল লাগলেও আমার চোখ নাক দিয়ে জল গড়িয়ে পড়ছে। আয়কর ভবনের সামনের রাস্তায় রিসার্ভ করা পার্কিং স্পেসে দাঁড়িয়ে বাকি ছোলা মাখা খেয়ে, নাক মুখ রুমাল দিয়ে মুছলাম। ঝালের রেষটা জিভে আগুনের হল্কার মতো দাপিয়ে বেড়াচ্ছে। তবুও জল খাবো না। আড় চোখে বুঝতে পারলাম সরকারী অফিসের বাইরে দাঁড়িয়ে থাকা কিছু লোক আমাকে দেখে মুচকি মুচকি হাসছে। অন্য সময় হলে বিরক্ত বোধ করতাম। এই মুহূর্তে ঠিক বিরক্তিভাব মনে বা মুখে কোথাও প্রকাশ পাচ্ছিল না, বোধহয় ঝালের প্রকোপ, তাই ওদের সবার উদ্দেশে আমিও একবার হেসে তাকালাম। হাসিগুলো মিলিয়ে গেল না, বরং আরও আলোকময় হয়ে উঠল।

এই ঝাল মেশানো হাসি মুখ আর মন নিয়ে বাড়ি ফেরাই যায়। এবার সমস্যা ওয়ান ওয়ে-তে দাঁড়িয়ে কি গাড়ি বুক করা উচিৎ ? একটু এগিয়ে গেলেই হয়, কিন্তু ওই দিকটায় খুব গ্যাঞ্জাম। দোটানার মধ্যে এইদিক ওইদিক তাকাচ্ছি, এমন সময় একটা সাদা ক্যাব এসে আমার কাছে দাঁড়াল। আমি যে অ্যাপ দিয়ে গাড়ি বুক করি এই গাড়ি সেই কোম্পানির কী না বুঝতে পারলাম না। এমনিতেও দেখেছি যে অ্যাপ সামনে দাঁড়ানো গাড়িকে বুকিং না দিয়ে দূরের গাড়িকে দিয়ে দেয়। কিন্তু আজ আমার এত অঙ্ক করতে ইচ্ছে করছে না। তাই বুকিং করে দিলাম। গাড়ির নাম্বার ফোনের স্ক্রিনে উঠে আস্তেই সামনে দাঁড়ানো ওই গাড়ির নাম্বার প্লেটের সাথে মিলিয়ে দেখলাম। হ্যাঁ, অঘটন ঘটেছে। এই গাড়িই আজ আমাকে দিয়েছে। ঠিক সেই মুহূর্তেই গাড়ির ড্রাইভার আমার দিকে তাকালো। কেন জানি না, ওকে আমি এক গাল হেসে বললাম, ''আপনাকেই দিয়েছে''। ও হেসে বলল, ''হ্যাঁ, ভাগ্যিস। এর আগে দুজন আমাকে পুরো এলাকা ঘুরিয়ে ঘুরিয়ে শেষ মেষ ক্যান্সেল করে দিল।'' গাড়িতে বসে আমাকে আর কিছু বলতে হল না, আমার বাড়ির লোকেশন ওর মোবাইল অ্যাপ-এ দেখাচ্ছে। স্বাভাবিক পরিস্থিতিতে আমি বলে দিই কোন রাস্তা ধরে যাব, কিন্তু আজ বলতে ইচ্ছে করছে না। যদি একটু ঘুরিয়ে ও নিয়ে যায়, ভাড়ায় কতই বা তফাত হবে ? ''ভেতরের রাস্তা দিয়ে নিচ্ছি, বড় রাস্তায় খুব জ্যাম।'' ও নিজে থেকেই বলল। কিছু দূর গাড়ি এগিয়ে সিগন্যালে দাঁড়িয়েছে, এমন সময় ওর অন্য ফোন বেজে উঠল। অন্য পক্ষ কী বলছে আমি ভাল করে শুনতে না পেলেও ওর কথা থেকে বুঝতে পারলাম যে কোনও একটা ক্যাবের অ্যাক্সিডেন্ট হয়েছে আর সেই গাড়ির ড্রাইভার খুব ভয় পেয়ে গিয়েছে। আমার ড্রাইভার তাকে বোঝাচ্ছে যে ভয় পেয়ে লাভ নেই, যা হওয়ার তা হয়ে গিয়েছে, প্রাণে বেঁচে গিয়েছে সেটাই সব থেকে গুরুত্বপূর্ণ, গাড়ি তো মেরামত হয়েই যাবে। ওর বোধহয় হঠাৎ খেয়াল হল যে আমি সব শুনেছি। কলার-কে বলল যে ও ট্রিপে আছে, পরে কথা বলবে। ফোন রাখার সাথে সাথেই সিগন্যাল সবুজ হয়ে যাওয়াতে ও আবার গাড়ি চালাতে শুরু করল।

গাড়িতে হাল্কা ভলিউমে রেডিও চলছে। আমার তখনকার সদ্যপ্রাপ্ত যৌবনকালের খুব প্রিয় একটি গানকে নাকি ইদানীংকালে কোনও এক পেছন-পাকা ছোকরা রিমিক্স করে গানটার বারোটা বাজিয়েছে। ফেসবুকে এই নিয়ে প্রচুর ট্রোল দেখেছি। নতুন ভার্সনটি রেডিও ষ্টেশনে বাজাচ্ছে বুঝতে পেরে ড্রাইভারকে বললাম ভলিউম বাড়িয়ে দিতে। নিজের পছন্দ-অপছন্দ প্রকাশ করার জন্য ওয়াকিবহল থাকা প্রয়োজন। কুড়ি সেকেন্ড শুনেই পুরনো গানটির আত্মার জন্য মনে মনে শান্তি কামনা করলাম। ড্রাইভারেরও বোধহয় পছন্দ হয়নি গানটা। ও আপনাআপনি ভলিউম কমিয়ে দিল। আমি তখনো পুরনো গানটি মনে মনে গাইছি, খেয়াল করিনি যে ড্রাইভার আমাকে কিছু বলছে। ও বলছিল ''আমার অন্য গাড়িটার আজ ভোরে অ্যাক্সিডেন্ট হয়ে গিয়েছে। ওর চোট লাগেনি কিন্তু গাড়িটা পুরো দুমড়ে গিয়েছে। তবে ড্রাইভার ঠিক আছে সেটাই সব থেকে বড় ব্যাপার। আমাদের লাইনে জীবনের ঝুঁকি তো লেগেই থাকে। সকালে গাড়ি নিয়ে বেরোলে ঠিক থাকে না রাতে বাড়ি ফিরব কী না।'' ও যেন নিজের সাথেই কথা বলে যাচ্ছিল, কিন্তু শেষের উক্তিটা শুনে আমি কিছু না বলে থাকতে পারলাম না।'' ''না না, এইসব কথা বলবেন না। সব ব্যবসাতেই ঝুঁকি থাকে কিন্তু আপনাদের ঝুঁকি তো প্রাণের, তাই ভয় থাকাটাই

স্বাভাবিক। অনেক অ্যাকসিডেন্টে তো একজনের ভুলের খেসারৎ আরেকজনকে দিতে হয়।'' মাঝে মধ্যে আমি একটু বেশী ব্যাখ্যা করে ফেলি। শেষের কথাটা না বললেই হত। ও কোনও উত্তর দিল না। আমিও নিজের বোকা উক্তির জন্য নিজের ওপর বিরক্ত হয়ে চুপ করে গেলাম। নিউ মার্কেটের ভেতরের সরু গলি দিয়ে গাড়ি ডান দিকে ঘুরছিল পিয়ারলেস ইনের দিকে। রাস্তার ঠিক মাঝ বরাবর দাঁড়ানো তিনজন যুবতি একটা ফোনে কিছু দেখছে খুব উত্তেজিত ভাবে। ''রাস্তার মাঝখানে দাঁড়িয়ে সেলফি দেখছে, আমার গাড়ি যদি ওদের একটুও ছুঁয়ে যায়, চেঁচিয়ে আমার সাত পুরুষের উদ্ধার করে দেবে'', ও হাল্কা বিদ্রূপের সুরেই বলল। আমি কিছু না বলে শুধু হাসলাম। ওর নিখুঁত আন্দাজের কথা ভাবছিলাম। ঠিকই তো, তিনটি মেয়ে রাস্তার মাঝখানে দাঁড়িয়ে একটা ফোনে আর কী দেখতে পারে ? গাড়ির চাকাগুলো দুবার পুরো ঘোরার আগেই আবার দাঁড়িয়ে পড়ল। সামনের নানা বয়সের অনেক মানুষের জটলা। ওদের দিকে তাকিয়ে ও আমাকে জিজ্ঞেস করল, ''কী কিনছে এত লোক ?'' আমি ঘাড় উঁচু করে দেখলাম ঘেরাটোপের মাঝখানে একটা ঝাঁকড়া চুলওয়ালা লোক, যার সামনে স্ট্যান্ডের ওপর রাখা রয়েছে নানা রঙ্গের পাথরবসানো আংটি। ''ভাগ্য বদলের খেলা চলছে। একটা আংটি দিয়ে সবাই নিজের ভাগ্য বদলাতে চায়।'' আবার ওর নির্ভুল এন্যালিসিস। আমি হাসতে গিয়েও হাসলাম না, নিজের আঙ্গুলের শোভাবর্ধন করা সোনায় বাঁধানো পলা আর পান্নার দিকে তাকিয়ে। স্টিয়ারিং উইল ধরে ওর হাতগুলো দেখলাম। বেশ লম্বা আঙ্গুলগুলো, নখ যত্ন করে কাটা। কোনও আংটি নেই। ভাল কোয়ালিটির শার্টের কাফগুলো পরিষ্কার। হাতের মোচড় বাহুর মাংসপেশি ফুলে ওঠাতে বুঝলাম শরীরচর্চা করে। এতক্ষণের বলা ওর কথাগুলোয় অনেক ইংরেজি শব্দ থাকা সত্বেও জামাকাপড় আর শারীরিক গুণাবলী দেখে এখন মনে মনে ভাবলাম, 'নাহঃ, এ সত্যিই এই গাড়ির মালিক। ঢপ দিচ্ছে না''। ওকে আর আমার ভাড়া করা গাড়ির ড্রাইভার ভাবতে পারছিলাম না। ও সার্ভার না, সার্ভিস প্রভাইডার। খুব সূক্ষ্ম ফারাক আছে দুটোর মধ্যে।

নিজের মনের সংস্কার নিজের কাছেই হঠাৎ করে ধরা পড়ে যাওয়াতে আমি একটু গুটিয়ে গেলাম। কোথায়, কবে শিখেছি আমি এইভাবে বর্ণ বিচার করতে ? আমার বাবা খুব রেগে যেতেন 'চাকর' কথাটা শুনলে। সাধু ভাষায় ভৃত্য বলাও ছিল বারণ। বাবা বলতেন যারা চাকরি করে তারা সবাই চাকর। তাই আমাদের বাড়িতে ঝি না বলে বয়স বুঝে বলা হত কাজের দিদি বা মাসী। ইংরেজিতে ডোমেস্টিক হেল্প। মা বলতেন, ''তোর বাবার হচ্ছে যত আদিখ্যেতা। ওরা ছাই বুঝছে এই সম্মানের ফারাক। মঞ্জু তো নিজেই বলে 'আমি বৌদির ঝি'। মঞ্জুদি ছিল আমাদের কাজের দিদি। শ্বশুর বাড়িতে অবশ্য এইসব নিয়ে কোনও চাপ ছিল না কোনোদিন। বরং আমার কাজের লোকের প্রতি এই সমীহের জন্য আমার ননদরা আমাকে আড়ালে 'ন্যাকা' আখ্যা দিয়েছিল। আমি যে আসলে ন্যাকা না সেটা প্রমাণ করার জন্যই আস্তে আস্তে ওদের ধরণের সাথেই খাপ খাইয়ে নিয়েছি। বৈদিক যুগের মতো এখন আমিও ব্যক্তির কাজের পরিপ্রেক্ষিতে তার বর্ণ পরিচয় নির্ধারণ করি।

কথাগুলো ভাবতে ভাবতে আমার চোখদুটো গাড়ির স্বচ্ছ কাঁচের ওপরে লাগানো রিয়ার ভিউ আয়নার ওপর গিয়ে আটকে গেল। ওর মুখের অর্ধেকটা ওই আয়নায় দেখা যাচ্ছে। মাথায় ঘন চুল, হাল্কা কোঁকড়ানো। আজ হয়তো স্নান করার সময় পায়নি, তাই চুল এলোমেলো হয়ে রয়েছে। প্রশস্ত কপালের আরেক প্রান্তে শুক্ল পক্ষের আকাশে একদশীর চাঁদের লুকিয়ে থাকা অংশের মতো এক জোড়া ভুরু। রাজকীয় নাক। গাড়ি সিগন্যালে দাঁড়িয়ে রয়েছে অনেকক্ষণ ধরে আর ও অন্যদিকে তাকিয়ে থাকার ফলে চোখগুলো দেখতে পারছিলাম না। চোখের উপরের পাতার ভেতরের কোণগুলোতে ছোট ছোট সাদা দুটো দাগ। বোধহয় কোলেস্টেরলের সমস্যা রয়েছে। হঠাৎ ও চোখ তুলে আয়নার দিকে তাকাল। গাঢ় বাদামী রঙ্গের উজ্জ্বল মণি দুটো আমাকে দেখছে। আমার চোখ ফিরিয়ে নেওয়া উচিৎ ছিল, কিন্তু পারলাম না। আয়নার মধ্যে আমাদের চোখ চারটে আটকে থাকলো। সিগন্যাল সবুজ হয়ে গিয়েছে। ও চোখ সরিয়ে রাস্তার দিকে তাকাতে শুরু করল, আমিও।

আমি কিছুই ভাবছিলাম না তবুও আমার কাছে এক মুহূর্তের মধ্যে স্পষ্ট হয়ে গেল কেন গান পছন্দ না হওয়ায় ভলিউম আপনাআপনি কমে গিয়েছিল। জানিনা অনেকক্ষণ কোনও কথা হয়নি কিন্তু গাড়ির পরিবেশটা যেন বদলে

গিয়েছিল। আমি বুঝতে পারছিলাম ও একটু অস্বস্তি বোধ করছে। ভাবলাম কী নিয়ে কথা শুরু করা যায়। ভোর বেলা বাড়ি থেকে বেরিয়েছে। একটা গাড়ি গ্যারেজ, আরেকটাকে বন্ধ রাখলে আরও বেশী ক্ষতি হবে হয়তো নিজেই এই গাড়ি নিয়ে ও রাস্তায় নেমেছে। মানসিক চাপের মধ্যে থাকা মানুষকে তাঁর সমস্যার কথা আবার মনে করিয়ে দেওয়াটা বিবেচনাহীনতার পরিচয়। আমার কী মনে হল জানি না, মুখ দিয়ে কথাগুলো বেরিয়ে যাওয়ার পরে বুঝতে পারলাম আমি ওকে জিজ্ঞেস করছি, ''আপনি কিছু খেয়েছেন ?'' ও রিয়ার ভিউ আয়না দিয়ে আমার দিকে তাকিয়ে হেসে বলল, ''না। খুব খিদে পেয়েছে। ভাবছিলাম কিছু খাবো কিন্তু তখনই আপনার বুকিংটা এলো। আপনাকে পৌঁছে দিয়ে ব্রেক নেব।'' আমি বললাম, ''আমরা কিন্তু কয়েক মিনিট কোথাও দাঁড়াতেই পারি, আপনি নিজের জন্য হাল্কা কিছু খাবার কিনে নিন।'' ও মাথা ঝাঁকাল ''না, ঠিক আছে।'' পরের সিগন্যালে গাড়ি দাঁড়িয়েছে, আমরা দুজনেই চুপ করে আছি, এমন সময় হঠাৎ বলে উঠল, ''আচ্ছা, খালী পেটে নারকেল খাওয়াটা কি ঠিক হবে ?'' আমি তেড়ে উঠলাম ''না, না, একদম খাবেন না।'' ও আবার হাসল, ''এমনিতেও নারকেল আমি খুব একটা পছন্দ করি না। কাল আসলে আমার মাসীর বাড়িতে ঠাকুরের উৎসব ছিল। লাঞ্চ করেছি প্রায় শেষ বিকেলে, তাই ডিনার করিনি। আর আজ ভোরে বেরোতে হল।''

এর উত্তরে কী বলব ভাবছিলাম, তখন ও নিজেই আবার বলতে শুরু করল, ''কাল গাজরের আচার বানিয়েছিল আমার মাসী। আমার খুব প্রিয়। আমার জন্য আলাদা করে রেখে দিয়েছে, কিন্তু আমি আনতে ভুলে গিয়েছি। কাছেই থাকে মাসী। আজ রাতে আচারটা নিয়ে আসতে হবে নইলে সবাই মিলে শেষ করে দেবে। আপনি খেয়েছেন কখনো গাজরের আচার ?'' আমি মাথা নাড়ালাম। সেটা ও দেখতে পায়নি ভেবে বললাম, ''না, খাইনি। আমার আসলে আচার ততটা ভাল লাগেনা। শুধু লাল লঙ্কায় পুর ভরে যেই আচারটা বানানো হয়, সেটাই খাই। আমার শাশুড়ি বানান।'' মনে মনে ভাবছিলাম ওর মাসীর বাড়ি পার্ক স্ট্রীট এলাকার কাছাকাছি কোথায় হতে পারে। যদি আমি বলি, তাহলে ও কি আমাকে ওর মাসীর বাড়ি নিয়ে যাবে গাজরের আচার খাওয়ানোর জন্য ? এরপর অনেকক্ষণ ও আর কোনও কথা বলল না। হয়তো আমার পারিবারিক বৃত্তের কথা ভাবছিল। বা হয়ত কিছুই ভাবছিল না। কিন্তু আমি বুঝতে পারছিলাম যে ও মাঝে মধ্যেই আয়না দিয়ে আমাকে দেখছিল। আমার তাতে একটু অস্বস্তি বোধ হচ্ছিল, কিন্তু সেটা এই জন্য না যে একজন অপরিচিত ব্যক্তি, যার আপাতত পরিচয় যে সে আমার ভাড়া করা গাড়ির ড্রাইভার, আমাকে দেখছে। আসলে অনেক বছর ধরে কেউ আমাকে ভাল করে দেখেনি। সবাই আমার দিকে তাকায়, কিন্তু কত জন আমাকে দেখতে পায়, আমি জানি না। আর যারা তাকায় ওরা আমার মধ্যে কোনও এক সম্পর্ককে খোঁজে বা আমার এক তরফা একটা রূপ দেখতে পায় – মা, স্ত্রী, বৌদি, মেয়ে, ছেলের বউ, বা এই রকমই অন্য কেউ। সবকটাই আমি, কিন্তু এক-একটা সম্পর্কের পরিভাষার বাইরে যে আমিটা পরে থাকি, তাকে কি কেউ দেখতে পায় ? পরিচয়ের সংজ্ঞার বাইরে পরে থাকা আমার অংশগুলো কি হারিয়ে গিয়েছে- ''আর দোস পার্টস মিসিং'' ?

''আপনি কি বাঙালি ?'' ও হঠাৎ জিজ্ঞেস করে উঠল। আমি হেসে বললাম ''হ্যাঁ।'' ও বলল ''আপনাকে দেখলে কিন্তু মনে হয় না'' খুব জানতে ইচ্ছে করছিল যে আমাকে দেখে ওর ঠিক কী কী মনে হচ্ছে, কিন্তু আর কথা বাড়াতে ইচ্ছে করল না। হয়তো উত্তর জানার মতো সাহস আমার নেই। এটা জানার সাহসও নেই যে একজন অপরিচিত মহিলার দিকে ওর এই বারবার তাকানোর মানে কী হতে পারে। আমার এই হঠাৎ চুপ করে যাওয়াতে ও যেন একটু নিস্তেজ হয়ে পড়ল। বাকি রাস্তা আমরা আর কোনও কথা বললাম না। কথা ফুরিয়ে যায়নি, সামাজিক মর্যাদার শেঁকল আমার ভাবনার ভাষাকে রুদ্ধ করে দিয়েছে। এতক্ষণে আমি এটা নিয়েও চিন্তিত হয়ে পড়েছি যে পর-পুরুষের দৃষ্টির সম্মোহনে হঠাৎ ভাললাগা খুঁজে পাওয়া ঠিক কিনা ?

অন্যরা আমার বিষয়ে কী ভাববে ? হয়তো বলবে 'মিড লাইফ ক্রাইসিস'', মাঝ বয়সে গাড়ির ড্রাইভারের কাছ থেকে নিজের আলাদা অস্তিত্বের স্বীকৃতি চাইছি। কিন্তু ওদের ভাবনায় সত্যিই কি কিছু এসে যায় ? আমার মন তো কোনও গন্ডী পেরোতে চাইছে না। আমার উপর এসে আটকে যাওয়া এক ব্যক্তির দৃষ্টি আমি উপভোগ করতে পারছি। জানতে চাইছি, আমার ইতিহাস, আমার পরিচয়, কোনও কিছু না জেনেও ও আমার মধ্যে কিসের সন্ধান পেয়েছে যে বারবার আমাকেই

দেখছে ? বাহ্যিক বিপর্যয়কাল আমি কি ওর কাছে এক মুহূর্তের ভাললাগা ? নাকি এই যাত্রাটুকুই আমাদের সম্পর্ক ? একসাথে চলা শেষ হয়ে যাবে, কিন্তু সম্পর্কটা মনে গাঁথা থাকবে বহুকাল ?

মাঝেমধ্যে আয়না দিয়ে ও আমাকে দেখছিল, কখনো আমি ওকে দেখছিলাম । দুজনেই খুব সাবধানে, যাতে অন্যজন বুঝতে না পারে । অথচ আমি আড় চোখে দেখছি যে ও আমাকে দেখছে । ও-ও নিশ্চয়ই বুঝতে পারছে ? বাড়ির কাছে পৌঁছে আমি গাড়ি থামাতে বললাম । ব্যাগের ভেতর হাতড়ে এমন কিছুই পেলাম না যা ওকে দেওয়া যায় । আমার ব্যাগতো অনেককাল আগেই ফাঁকা হয়ে গিয়েছিল । টাকার পার্স বার করে ভাড়া মিটিয়ে দিলাম । তিন টাকা আমার ফেরত পাওয়ার কথা । আমি চাইলাম না, ও-ও কিছু বলল না । থাক, ও আমার ঋণী হয়েই থাক । ওর ঋণ তো আমিও মন খুলে মেনে নিয়েছি । নামার সময় ও ঘুরে সরাসরি আমার দিকে তাকাল । আমিও প্রথমবার, এবং শেষবারের মতো ওর চোখে চোখ রাখলাম । হয়তো এক মুহূর্তের জন্যই, তবু এই দৃষ্টি আমি দীর্ঘ কাল মনে রাখব । শেষ বারের মতো হেসে বললাম, ‘‘এবার কিছু খেয়ে নিন ।’’ ও হেসে হাল্কা করে বলল ‘‘আচ্ছা ।’’

রাতে একবার মনে হল ওকে ফোন করে জিজ্ঞেস করি ও কিছু খেয়েছে কি না; কখন খেলো, কোথায় খেলো; আমাকে নামিয়ে দিয়ে কোথায় গেল; ওর গাড়িতে বসা পরের জনকেও ও আয়নার মধ্যে দিয়ে বারবার দেখছিল কিনা । হয়তো বাড়াবাড়ি হয়ে যেত । ও এটাকে অন্যভাবে নিতে পারে । সময় আর সমাজ আমাকে শিখিয়েছে সরলতা স্বাভাবিক নয়, সহজ ভাবনা ব্যক্ত করার আগে বিবেচনা করা উচিৎ অন্যরা সেটাকে কী চোখে দেখবে । ফোন না করাটাই উচিৎ, সেই সিদ্ধান্ত নিয়েও অ্যাপটা খুলে ওর নাম্বারটা দেখতে ইচ্ছে করল । ফোনে ওর গলা কেমন শোনায় সেটা জানতে ইচ্ছে করছিল ।

ট্রিপ শেষ হয়ে যাওয়ার ফলে ওর ফোন নাম্বার দেখতে পেলাম না । আমাদের দুজনের ফোনেই অপরের কন্টাক্ট ডিটেলস লক হয়ে গিয়েছে । দুপুরে যখন চেয়েছিলাম যে এই যাত্রাটা যেন ওর সাথেই করি, তখন এতটাই কাছে ছিল যে ফোন করে ওকে খুঁজে নেওয়ার প্রয়োজন হয়নি । ফোন নাম্বার না থাকায় আমার জীবন থেকে ও চিরকালের জন্য মিসিং হয়ে গেল হয়তো; আবার কোনোদিন দেখা হলে ও আমাকে চিনতে পারবে কি না জানিনা । কিন্তু নিজের মধ্যে কিছু একটা মিসিং ছিল যা আমি আজ নতুন করে খুঁজে পেয়েছি । এক মুহূর্তের জন্য চোখ বন্ধ করলাম । রিয়ার ভিউ আয়নার মধ্যে দিয়ে এক জোড়া ক্লান্ত অথচ উজ্জ্বল চোখ তখনো আমাকে দেখছিল ।

নন্দিনী ঋদ্ধানশ । পেশাগত আর নেশাগত ভাবে শব্দের জগতের বাসিন্দা । স্বভাবে বোহেমিয়ান । কখনো মাছ হয়ে গভীর জলের অন্ধকারে ঘুরে বেড়ায় আবার কখনো পাখী মনের ডানা মেলে নীল আকাশের দিকে ছুটে যায় । নিজের অস্তিত্বের অর্থ খোঁজা প্রধান লক্ষ্য । ভালোবাসে অন্যদের বলা গল্প আর বৃষ্টির গান শুনতে । জন্মস্থান শিলং, বর্তমান নিবাস কলকাতা, কর্মভূমি মানব মন ।

অনুবাদ

অভিশপ্ত

পুষ্পা সাক্সেনা (অনুবাদ: সুজয় দত্ত)

বিরাট খামার বাড়ীর সুদৃশ্য পোর্টিকোয় একটা সাদা গাড়ী এসে থামল । খামার বাড়ীর কর্মচারীরা আগে থেকেই পোর্টিকোর দুদিকে সারিবদ্ধভাবে দাঁড়িয়ে আপেক্ষা করছিল । উর্দিধারী ড্রাইভার তাড়াতাড়ি গাড়ী থেকে নেমে পিছনের সীটে বসা মালকিনের জন্য দরজা খুলে দিতেই তিনি গায়ের শালটা ভাল করে জড়িয়ে নিয়ে বাইরে এসে দাঁড়ালেন ।

'রাম সিং, ভাইসাবকে হুইল চেয়ারে বসাতে হবে । খুব সাবধানে বসিয়ো, একটুও যেন ঝাঁকুনি না লাগে ।'

'কিচ্ছু চিন্তা করবেন না মাঈজী । আমি আপনার সেবক । ভাইসাবকে একদম চোখের মণি করে আগলে রাখব ।' বলে কর্তব্যপালনে তৎপর হয় রাম সিং । গাড়ীর ট্রাংকের মধ্যে রাখা হুইল চেয়ার নীচে নামিয়ে পিছনের সীটে বসা যুবককে একপ্রকার কোলে করে তাতে বসিয়ে দেয় । তারপর চেয়ার ঠেলতে ঠেলতে মালকিনের সঙ্গে লনের দিকে এগোয় । সেখানে কয়েকটা চেয়ার পাতা ছিল আগে থেকেই ।

'এখন কিছুদিন ভাইসাবের সঙ্গে এখানেই থাকবেন তো মাঈজী ?' বিনম্র স্বরে জানতে চায় সে ।

'হ্যাঁ, সেরকমই ইচ্ছে । ডাক্তার হাওয়াবদলের পরামর্শ দিল যখন, ভাবলাম খামারবাড়ীর খোলামেলা আলো-হাওয়ায় উপকার হতে পারে ।'

'আপনি আমাদের ওপর ভরসা রাখুন মাঈজী । আমি নিজে সকাল-সন্ধ্যে ভাইসাবকে খামারের চারপাশে ঘুরিয়ে আনব । বাগানে নিয়ে যাব । দেখবেন, দু-চার দিনেই এখানকার জলহাওয়ায় আর আদরযত্নে ভাইসাবের গা দিয়ে জেল্লা বেরোচ্ছে —'

'তোমার মুখে ফুলচন্দন পড়ুক, রামসিং । ভগবানের ইচ্ছেয় তাই যেন হয় । শৈলেন্দ্র তো এখানে আসতে চাইছিল না একেবারেই । কী কষ্টে যে রাজী করিয়েছি । কী ঝকঝকে রোদ দেখেছিস এখানে, শৈলু ? ভাল লাগছে না ?' হুইল চেয়ারে শায়িত ছেলের ফ্যাকাসে মুখের দিকে তাকিয়ে প্রশ্ন করেন মা ।

'চা আনতে বলি, মাঈজী ?'

'হ্যাঁ, মন্দ হয়না । তুই কী খাবি, শৈলু ? গরম দুধ বলি এক কাপ ?'

'না না, এখন কিছু চাইনা — তুমি যা নেওয়ার নাও', অন্যমনস্ক উত্তর এল ছেলের । মুখে অনিচ্ছা প্রকট ।

'ঠিক আছে । রাম সিং, আমি চা-ই খাব । ক্লান্ত লাগছে খুব । শহরের মধ্যে ট্রাফিক জ্যামে ফেঁসে গিয়ে তিন ঘন্টার জায়গায় পাঁচ ঘন্টা লাগল এখানে আসতে ।' রোদের তেজ বাড়ায় গায়ের শালটা খুলে পাশের চেয়ারে রাখেন মা ।

বিজলী ট্রে-তে চায়ের সরঞ্জাম এনে মালকিনের সামনে রাখতে ওকে দেখে চমকে উঠলেন তিনি, 'এটা আবার কে, রাম সিং ?'

'ওকে চিনতে পারলেন না ? ও আমাদের ভিখুর মেয়ে, মাঈজী । আরে অ্যাই মেয়ে, মাঈজীর পা ছুঁয়ে পেন্নাম কর !'

বিজলীকে আশীর্বাদ করে মালকিন ভিখুকে শুধোন, 'তোমার তো অনেকদিন বৌ নেই । মেয়েকে মানুষ করল কে ? কী সুন্দর ডাগর-ডোগরটি হয়েছে ।'

‘আজ্ঞে, ও মামাবাড়ীতেই বড় হয়েচে। ওখেনেই ছিল এদ্দিন, সবে চারদিন হল এয়েচে এখেনে। এবার এর বিয়ে-থা দিয়ে এট্টু নিশ্চিন্দি হতে চাই, মা-ঠাকরুণ। আবাগীর বেটি অনেক দুখ্‌খু পেয়েচে। মাত্তর দশ বছর বয়েসে মা স্বগ্‌গে চলে গেল - আপনি তো সবই জানেন। এখন আপনার ছিচরণেই আবার এসে উটেচে।’ বলতে বলতে গলা বুজে আসে ভিখুর।

‘আরে দূর, মাঈজী থাকতে চিন্তা কী ? মেয়ের গায়েহলুদ দিয়ে, তার গাঁটছড়া বেঁধে তাকে শ্বশুরবাড়ী পাঠিয়ে তারপর তীর্থে গিয়ে রামভজন করগে যা।’ রাম সিং-এর কথা শুনে সবাই হেসে ফেলে।

বিজলী হুইল চেয়ারে শায়িত ছোটবাবুর দিকেও চায়ের পেয়ালা বাড়িয়ে দিয়েছিল। ওর দিকে তাকিয়ে হঠাৎ শৈলেন্দ্র যেন বিদ্যুৎস্পৃষ্ট হয়, মুখটা রক্তশূন্য দেখায় তার।

‘কী হল, শৈলু ?’

‘ন্‌না, মানে, ভীষণ টায়ার্ড লাগছে। একটু শুতে হবে।’

ছেলের মুখের চেহারা দেখে ব্যস্ত হয়ে উঠলেন মা। চায়ের পেয়ালা নাবিয়ে রেখে জানতে চাইলেন, ‘রাম সিং, ভাইসাবের ঘর তৈরী আছে তো ? একটু নিয়ে যেতে পারবে ওকে ?’

‘ভাইসাবের ঘর তো সেই পরশু থেকেই তৈরী। বিজলী ঝাড়পোঁছ সাফাই-টাফাই করে একদম ঝকঝকে তকতকে করে রেখেছে।’

ড্রইং রুমের ঠিক পাশেই এককালে শৈলেন্দ্রর ঘর ছিল। হুইল চেয়ার ড্রইংরুমে ঢুকতেই ওর নজর পড়ল দেয়ালে টাঙানো মানুষখেকো বাঘের ট্যাক্সিডার্মি করা মাথাটার ওপর। তীক্ষ্ণ, ক্ষুরধার চোখদুটো আর বড়বড় দাঁতগুলো দেখলে আজও মনে হয় এখুনি গিলতে আসছে। ঐ মেয়েটা যখন ছোট ছিল, বাঘের মাথাটা দেখে কী ভয় পেত। কাঁদতে কাঁদতে চোখ ঢেকে ফেলত।

দুধসাদা বিছানায় ছেলেকে শুইয়ে দরজাটা ভেজিয়ে দিলেন মা। শৈলেন্দ্র ক্লান্ত দৃষ্টিতে দেখতে লাগল ঘরের চারপাশ। সেই রাতে — সেই রাতে ঐ অন্য খাটটায় হরীশ শুয়ে ছিল। জীবনের শেষ রাত এখানে, এই ঘরেই কাটিয়েছিল সে। ভাবতে ভাবতে চোখ বুঁজে আসে শৈলেন্দ্রর।

‘আর কিছু লাগবে, শৈলু ?’

‘না, আমাকে শুধু একটু একলা শুতে দাও। তুমি চান-টান পূজো-আচ্চা করে নাও ততক্ষণ।’

‘ঠিক আছে। কিছু দরকার হলে এই ঘন্টাটা বাজাস, রাম সিং চলে আসবে’ বলে বেরিয়ে গেলেন মা। আর ছেলে ডুবে গেল পুরনো স্মৃতিতে। দু-বছর আগের সেই ঘটনা আবার চোখের সামনে সজীব হয়ে উঠল ওর।

বড়জ্যেঠার ছেলে ছিল হরীশ। শৈলেন্দ্রর প্রায় সমবয়সী, তাই দুজনে গলায় গলায় বন্ধু। জ্যেঠা মারা যাওয়ার পর থেকে শৈলেন্দ্রর সঙ্গেই বড় হয়েছে। কৈশোর থেকে যৌবনে পদার্পণের সময় একজন উঠতি বয়সের ছেলে যেসব জিনিসের স্বাদ পেতে শেখে, তার অনেক কিছুই শৈলেন্দ্র পেয়েছিল হরীশের মাধ্যমে। সে বিদেশী পত্রিকার উত্তেজক নারীচিত্রই হোক বা জীবনের প্রথম সিগারেট। শৈলেন্দ্র স্বভাবলাজুক বলে হরীশ ওকে নিয়ে কত হাসিঠাট্টাই না করত —

‘তোর তো মেয়ে হয়ে জন্মানো উচিত ছিল রে। আরে বাবা, আমরা হলাম জমিদার বংশের পুরুষমানুষ। আমাদের এরকম হলে চলে ? তুই দেখছি এই বংশে একেবারেই বেমানান।’

যৌবনের বেপরোয়া আনন্দ হরীশ প্রাণভরে উপভোগ করত, আর শৈলেন্দ্র একপ্রকার বাধ্য হয়েই ওকে সঙ্গ দিত। এইভাবে আস্তে আস্তে ওর দ্বিধা-সংকোচ অনেকটাই কেটে গিয়েছিল। এহেন হরীশ যখন দিল্লী চলে গেল কলেজে পড়তে,

বড় একা হয়ে পড়ল শৈলু। একবার হরীশ যখন বাড়ী আসছে দিল্লী থেকে, শৈলু গেল ওকে গাড়ী করে স্টেশন থেকে আনতে। রাঁচী স্টেশনে ট্রেন এমন সময় পৌঁছয় যে ওখানে আনতে গেলে অনেকক্ষণ ওয়েটিং রুমে অপেক্ষা করতে হবে। তাই তার বদলে বেশ কয়েক ঘন্টা গাড়ী চালিয়ে ও গিয়ে হাজির হল তার আগের স্টেশন পাত্রাতু।

পাত্রাতুতে ট্রেন থামতেই জানলা দিয়ে স্টেশনে অপেক্ষারত খুড়তুতো ভাইকে দেখে চমকে গেল হরীশ —

'আরে শৈলু, তুই এখানে!'

'কী করব? ট্রেন রাঁচী পৌঁছতে এখনো পাঁচ-ছ ঘন্টা। অতক্ষণ অপেক্ষা করতে হলে বোর হয়ে যেতাম। বাবার গাড়ীটা নিয়ে এসেছি। তোর শুধু একটাই স্যুটকেস তো?'

হরীশের হাত থেকে স্যুটকেস ছিনিয়ে নিয়ে গাড়ীর পিছনের সীটে ছুঁড়ে দিয়েই ওর গলা জড়িয়ে ধরেছিল শৈলু। হরীশ চোখ টিপে বলল, 'কী ব্যাপার, একটু রোগা হয়ে গেছিস মনে হচ্ছে? কারো প্রেমে-টেমে হাবুডুবু খাচ্ছিস না তো?'

'না না। তুই এসে গেছিস, আমার আর চান্স কোথায়? সব সুন্দরী মেয়েরা তো দেখি তোর কাছেই ভীড় করে। এই নে চাবি। আজ তুই চালাবি আর আমি আরাম করে তোর দিল্লীর গল্প শুনব।'

'ওকে বস্। অ্যাজ্ ইউ উইশ। তারপর? আমি দিল্লী যেতে না যেতেই ফার্মহাউসে অনেক বসন্তের ফুল-টুল ফুটিয়ে বসে আছ নাকি, চাঁদু?'

'না রে বাবা না। ওসব তো তোর পাল্লায় পড়ে করি আমি। নাহলে আমি হলাম যাকে বলে আপাদমস্তক পবিত্র মানুষ। তোর মতো লোকের অসৎসঙ্গে পড়েই আমার বারোটা বেজে যাচ্ছে —'

'দুত্তোর, নিকুচি করেছে পবিত্র মানুষের। আরে, জীবনের ভরপুর মজা উপভোগ করার এই তো সময়। পরের জন্মে গরু-ঘোড়া-ছাগল — কী হয়ে পৃথিবীতে আসবি কোনো ঠিক আছে?' হরীশ শিস্ দিতে দিতে বলল।

গাড়ী চলছে জি টি রোড ধরে। পশ্চিম আকাশে অস্তগামী সূর্যের রং ছড়াচ্ছে। ছোটনাগপুর মালভূমির পাহাড়ের গায়ে গায়ে শাল-মহুয়ায় ফুল ধরেছে বোধহয়। বাতাসে তার গন্ধ ভেসে আসছে।

'নাঃ, এই ব্যাটাচ্ছেলে রাঁচী বড় সুন্দর জায়গা। এর কাছে দিল্লী কোথায় লাগে? ওখানে তো খালি উঁচু উঁচু বাড়ী', একসময় বলে ওঠে হরীশ।

'শুধুই উঁচু উঁচু বাড়ী? মেয়ে-টেয়ে দেখা যায়না রাস্তাঘাটে?' শৈলু ঠাট্টা করে।

আচমকা হরীশের সামনের দিকে কোনো কিছুর ওপর নজর পড়ায় ও ঠোঁটে আঙুল দিয়ে চুপ করতে বলে ভাইকে। তারপর জিজ্ঞাসা করে, 'আমি যা দেখছি, তুই তা দেখছিস?'

'কোথায়, তেমন বিশেষ কিছু তো নজরে পড়ছে না! শুধু ওখানে একটা মেয়ে রাস্তার পাশে দাঁড়িয়ে আছে।' 'মানে? মেয়ে দেখছিস আর বলছিস বিশেষ কিছু নয়?'

'আরে, ওরকম মেয়ে তো তুই এই চত্বরে হাজারটা পাবি —'

'না রে, এই আদিবাসী মেয়েগুলোর মধ্যে কী যেন একটা আছে যেটা শহুরে মেয়েদের মধ্যে পাওয়া যায়না।'

'জানিনা বাবা। এসব ব্যাপারে তোর মতো অত সূক্ষ্ম অনুভূতি আমার নেই। তুই তো একদম এক্সপার্ট।'

গাড়ীটা মেয়েটার কাছে পৌঁছতেই হরীশ সজোরে ব্রেক কষল। ব্লাউজহীন লালপাড় শাড়ীতে তেরো-চোদ্দো বছরের

মেয়েটা হঠাৎ ওভাবে গাড়ী থামতে দেখে চমকে গেল। ড্রাইভারের সীটে বসেই হরীশ জানতে চাইল,

'কিরে, শহরে যাবি ?'

মেয়েটা মাথা নেড়ে জানাল, হ্যাঁ।

'আমরাও শহরে যাচ্ছি। তোকে পৌঁছে দেব। গাড়ীতে অনেক তাড়াতাড়ি পৌঁছে যাবি।' হরীশ হাত বাড়িয়ে গাড়ীর পিছনের দরজা খুলে দেয়।

'না না, আমি বাসেই যাব', মেয়েটা ঘাবড়ে গিয়ে বলে।

'তুই জানিস না আজ বাস-টাস সমস্ত বন্ধ ? সারা রাত এখানে দাঁড়িয়ে থাকলেও বাস, ট্রাক, টেম্পো — কিছুই মিলবে না। আরে, আমরা ভালো লোক। ভয় পাওয়ার কিছু নেই। ঠিক সময়ে ঠিক জায়গায় পৌঁছে যাবি।' হরীশ খুব নরম গলায় আশ্বাস দেয়।

বিশ্বাস-অবিশ্বাসের দোটানায় মেয়েটা বারকয়েক ওদের দুজনকে দেখে। বলে, 'সত্যি সত্যি গাড়ী বন্ধ ?'

'ধ্যাত্তেরি, এতক্ষণ একটাও গাড়ী আসতে দেখেছিস ? তাড়াতাড়ি ওঠ, নাহলে আমরাও চলে যাব কিন্তু। দেরী হয়ে যাচ্ছে আমাদের।' ধমক দেয় হরীশ।

আরো কয়েক মুহূর্তের দ্বিধার পর ভয়ে ভয়ে মেয়েটা গাড়ীতে উঠে পিছনের সীটে বসে। ওর অপরিচ্ছন্ন শাড়ীতে যাতে সীট নোংরা না হয়ে যায়, তাই একটু জড়োসড়ো হয়েই বসে। হরীশ দরজা বন্ধ করে লক্ করে দেয়।

'নাম কী রে তোর ?'

'ফুলওয়া'

'বাঃ বাঃ, খুব সুন্দর নাম। ফুলের মতো মিষ্টি মেয়ে ফুলওয়া — কী, ঠিক বলিনি শৈলু?'

'হ্যাঁ হ্যাঁ, তোর কথা আবার ভুল হয় নাকি ?' শৈলু মুচকি হেসে বলে।

'তা, এই ভর সন্ধ্যেবেলা শহরে যাচ্ছিস কেন, ফুলওয়া ?'

'চার দিন ধরে মা-র খুব অসুখ। ওষুধ আনতে হবে তো — তাই।'

'কেন, ঘরে ওষুধ আনার মতো আর কেউ নেই বুঝি ?'

'আর কে থাকবে বাবুজী ? দু-বছর আগে বাবা মা-কে ছেড়ে আরেকজন মেয়েমানুষের সঙ্গে চলে গেছে। মা শহরে গিয়ে শালপাতা বেচে আমাদের দুজনের খাওয়াপরা জোটায়। এই চার দিন একটা পয়সা ছিলনা ঘরে —' ফুলওয়ার গলা বুজে আসে।

'তুই আমার কাছে কাজ করবি ? আমি তোকে অনেক, অনেক পয়সা দেব।'

'কী কাজ ? কী কাজ করতে হবে বল ? আমি ঝাড়পোঁছ করতে পারি, বাসনকোসন মাজতে পারি। কত টাকা রোজ দেবে ?' উৎসাহিত হয়ে বলে ওঠে মেয়েটা।

'পছন্দসই মাইনে দেব। কিন্তু আমি যা বলব তাই করতে হবে।'

'হ্যাঁ হ্যাঁ, তুমি যা বলবে সব করব —'

হরীশ গাড়ীর গতি বাড়িয়ে দেয় । ভয়ে সিঁটিয়ে যায় মেয়েটা । ককিয়ে ওঠে, 'বাবুজী, আমাকে শহরে যেতে হবে, শহরে —'

'আরে শহরে গিয়ে কী হবে, শুনি ? আমাদের সঙ্গে চল, মস্তি করব ।'

'না, আমি যাব না । আমি মা-র কাছে যাব । গাড়ী থামাও — থামাও বলছি —'

হরীশ গাড়ী থামিয়েছিল একেবারে ফার্মহাউসে এসে । শহর থেকে অনেক দূরে একেবারে নির্জন জায়গায় এই খামারবাড়ী । ওর জমিদার পূর্বপুরুষদের যাবতীয় লোভলালসা, অপকর্মের সাক্ষী । শৈলুর মনে পড়ে, ওর ছোটবেলায় বাবা যখনই খামারবাড়ীতে দু-চার দিন কাটিয়ে শহরে ফিরত, মা-র মুখটা কেমন মলিন হয়ে যেত ।

গাড়ী থামতেই হরীশ তাড়াতাড়ি নেমে ফুলওয়ার দিকের দরজাটা খুলে বলল, 'ভয় পাস না, এখানে খানিকক্ষণ থেকে আমি তোকে শহরে পৌঁছে দিয়ে আসব ।'

'না না, আমি এখানে থাকব না । আমাকে ছেড়ে দাও, ছেড়ে দাও তোমরা —' আতঙ্কিত স্বরে বলে মেয়েটা ।

এমন সময় রাম সিং বেরিয়ে এসে দুই ছোটবাবুকে দেখে সেলাম করে দাঁড়াল । কয়েক মুহূর্তেই পরিস্থিতি বুঝে নিল সে । ফুলওয়াকে সান্ত্বনা দিতে লাগল — 'অ্যাই মেয়ে, আয় আয়, বাইরে আয় । একটু খাওয়াদাওয়া, আরাম-টারাম কর । আমরা তোর দেখভাল করব —'

বলে জোর করে ফুলওয়ার হাত ধরে ওকে ড্রইং রুমে টেনে আনতেই সামনে পড়ল সেই নরখাদকের ট্যাক্সিডার্মি করা মাথাটা । দেখে ভয়ে চীৎকার করে উঠল মেয়েটা, 'মা, মাগো, বাঘ — বাঘে নিল আমায় ।' দুহাতে মুখ ঢেকে ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদতে লাগল ।

'আরে পাগলী, এটা কি সত্যিকারের বাঘ নাকি ? এর মুখের ভেতর হাত ঢোকালেও কিছু হবেনা । দেখবি ? এই দেখ —' বলে রাম সিং বাঘের করাল দংস্ট্রার মধ্যে দিয়ে হাত চালিয়ে দেয় । এইবার ফুলওয়া সাহস করে ওর পিছন পিছন ঘরে গিয়ে ঢোকে ।

'ভাই রাম সিং, একটু খাওয়াদাওয়ার ব্যবস্থা কর তো দেখি । খুব খিদে পেয়েছে ।' হরীশ গায়ের কোটটা এক ঝটকায় খুলে সোফার ওপর ছুঁড়ে দিয়ে বলল । তারপর ভয়ে, লজ্জায় কুঁকড়ে এককোণে দাঁড়িয়ে থাকা মেয়েটাকে কাছে টেনে এনে বসাল ।

গরম গরম তন্দুরী চিকেন আর কাজুবাদামের সঙ্গে এল এক বোতল হুইস্কিও । যত্ন করে টেবিলে সাজিয়ে দিল রাম সিং ।

'এইতো ! এই না হলে চলে ? রাম সিং, তুমি দারুণ কাজের লোক । দেখো, আমাদের আজকের এই অতিথির নাম ফুলওয়া । যতক্ষণ আছে, এর যত্ন-আত্তির ভার তোমার । শহর থেকে ওষুধ নিয়ে ও মা-র কাছে ফিরবে ।' বলে অনুগত ভৃত্যকে চোখের ইশারা করে হাতে একটা একশো টাকার নোট গুঁজে দেয় ।

'যো হুকুম, হুজুর । আমি এক্ষুণি ওষুধের ব্যবস্থা করছি ।' বলে বাইরে চলে যায় সে ।

রাত বাড়তে থাকে । ঘরের ভেতর নেশা চড়তে থাকে । নেশায় লাল দু-চোখ দিয়ে ফুলওয়ার শরীর যেন চাটতে থাকে হরীশ । মেয়েটার তখন ওদিকে নজর নেই । চার দিন না খেয়ে থাকার পর একটু খেতে পেয়েই সে আত্মহারা । যখন গায়ের ওপর একটা চাপ অনুভব করে চমকে তাকাল, ততক্ষণে হরীশ ওকে শক্ত হাতে জড়িয়ে ধরেছে । জালে পড়া মাছের মতো ছটফট করতে থাকা মেয়েটাকে সেই মুহূর্তে বাঁচাবার কেউ ছিল না । ওর চীৎকার খামারবাড়ীর দেয়ালে দেয়ালে ধ্বনিত

প্রতিধ্বনিত হতে থাকল, কিন্তু বাইরের কারো কানে গিয়ে পৌঁছল না। আর শৈলেন্দ্রও বিনা প্রতিবাদে তার দাদার কুকর্মের সাক্ষী হয়ে রইল।

ভাবতে ভাবতে কেঁপে ওঠে শৈলেন্দ্রর গা-হাত-পা। 'কী হল শৈলু? শীত করছে?' হঠাৎ মায়ের গলা শুনে চমকে ওঠে ও।

'কিছু না, কিছু না, ঠিক আছি আমি —'

আঁচল দিয়ে ছেলের মুখ আর মাথার ঘাম মুছে চিন্তিতস্বরে মা বললেন, 'এই শীতে এত ঘামছিস যে? শরীর-টরীর খারাপ হল না তো? নাকি কোনো দুঃস্বপ্ন দেখছিলি?'

'অ্যাঁ? হ্যাঁ, তাই হয়তো —'

'এবার দুধ আনতে বলি?'

'থাক, এখনো তেমন ইচ্ছে করছে না। আর একটু শোবো। আলোটা নিভিয়ে দেবে, মা?'

ঘর অন্ধকার হতেই আবার চোখের সামনে জীবন্ত হয়ে উঠল সেই রাতের সেই ঘটনা।

ফুলওয়ার রক্তাক্ত, ধর্ষিত শরীরের দিকে পরিতৃপ্ত চোখে তাকিয়ে হরীশ হাঁক পাড়ল, 'রাম সিং!'

'জী হুজুর'

'একে চারতলার ঘরে নিয়ে গিয়ে শুইয়ে দাও। এ এখন আমাদের সম্পত্তি। আবার দু-চার দিন বাদেই আমি আসব এখানে। তখন যেন — বুঝতে পারছ তো কী বলতে চাইছি?'

'হুজুর, ভরসা রাখুন আমার ওপর। আজ অবধি হুকুম তামিলে কোনো গাফিলতি করেছি, বলুন?'

ফুলওয়ার নেতিয়ে পড়া, অজ্ঞান দেহটাকে পাঁজাকোলা করে তুলতে তুলতে রাম সিং বলল, 'মাফ্ করবেন হুজুর, আজ বোধহয় একটু বেশীই করে ফেলেছেন। মেয়েটা বাচ্চা তো —'

কোটের পকেট থেকে দুশো টাকা বার করে ওর দিকে ছুঁড়ে দিয়ে হরীশ তাচ্ছিল্যের ভঙ্গী করল, 'দুদিন ভাল কোয়ালিটির মাল খাইয়ে দাও, দেখবে চাঙ্গা হয়ে গেছে। এসব আদিবাসী ছুকরীদের জান বহুত কড়া হয়।'

'ঠিক বলেছেন, হুজুর, ঠিক বলেছেন' বলতে বলতে রাম সিং চলে যায়। আর শৈলেন্দ্র কিছুটা ঘাবড়ে গিয়ে জিজ্ঞাসা করে, 'দেখ, মেয়েটা মরে-টরে গেলে বিপদে পড়ব না তো আমরা?'

'আরে দূর! মরে গেলে তো মিটেই গেল। এই এতবড় খামারবাড়ী — কোথাও এক কোণে পুঁতে দিলেই হবে। সেটা তো ওর সৌভাগ্যই বলতে হবে। এই জমিদারবাড়ীর এমন মহার্ঘ জমিতে শোয়ার জায়গা পাচ্ছে।' হেসে গড়িয়ে পড়ে হরীশ।

'পুঁতে তো দিবি। কেউ জেনে ফেললে তখন কী হবে?'

'নাঃ, শৈলু, তোর মতো ভীতু আমি দুটো দেখিনি। আরে, ওকে যেখানে পোঁতা হবে সেখানে কয়েকটা অশোক গাছও পুঁতে দেব।'

'অশোক গাছ? দাঁড়া দাঁড়া, লিটারেচার ক্লাসে অশোক গাছ নিয়ে কী যেন একটা পড়েছিলাম — ঠিক মনে পড়ছে না —'

'এটাই পড়েছিলি যে, সুন্দরীদের পদাঘাতে এই গাছ ফুলে ভরে ওঠে। ভেবে দেখ শৈলু — যে অশোক গাছের নীচে স্বয়ং সুন্দরী চিরশয্যায় শুয়ে আছে, তার তো প্রতিদিন ফুলের ভারে নুয়ে পড়া উচিত। ঠিক কি না?'

দুজনে প্রাণখোলা হাসি হেসেছিল। হায়, তখন যদি ঘূণাক্ষরেও জানত কী হতে চলেছে!

ভোরের আলো ফোটার আগেই দরজায় ঘন ঘন করাঘাতের শব্দে ওদের ঘুম ভেঙে গেল। সঙ্গে রাম সিং-এর গলা, 'হুজুর, হুজুর, উঠুন, শীগগিরি উঠুন। অবাক কান্ড ঘটেছে। ওই মেয়েটা —'

'তার আবার কী হল ? এতক্ষণে তো তরতাজা হয়ে ওঠার কথা। নিয়ে এসো এখানে। ঠান্ডা লাগছে খুব, গা-টা একটু গরম করে নেওয়া যাবে।'

'না হুজুর, ও বেটী — ও বেটী পালিয়েছে।'

'পালিয়েছে!! কেন, তুমি দরজায় তালা দিয়ে রাখনি ?' শৈলেন্দ্র উঠে এসে জিজ্ঞাসা করে।

'হুজুর, এমন ভুল রাম সিং কখনো করতে পারে ? দিয়েছিলাম। ভেবেছিলাম, তালা দেওয়া থাকলে ও-ঘর থেকে পাখী হয়ে উড়ে না গেলে পালানো অসম্ভব। কিন্তু ও যে এমন ভাবে পালাবে — স্বপ্নেও ভাবিনি।' ভয়ার্ত শোনায় রাম সিং-এর গলা।

'আরে, কী হয়েছে পুরোটা খুলে বলবে তো! কিছুই তো বুঝতে পারছি না।'

'হুজুর, কী আর বলব! মেয়েটা বাথরুমের জানলা দিয়ে ঝাঁপ দিয়েছে। বাগানে ওর লাশ পড়ে আছে। চারতলার ওপর থেকে যে এভাবে ঝাঁপ দেওয়ার সাহস হবে ওর — একবারের জন্যও ভাবিনি।'

'কী! আত্ম — আত্ম —' কথা শেষ করতে পারেনা বিহ্বল শৈলেন্দ্র। শীতের মধ্যেও দরদর করে ঘামতে থাকে। হরীশ অবশ্য ঠান্ডামাথা। পকেট থেকে নোটের তাড়া বার করে রাম সিং-এর হাতে গুঁজে বলল, 'যা বলছি মন দিয়ে শোনো। কেউ ঘুম থেকে ওঠার আগেই লাশ খামারবাড়ীর কোনো গোপন জায়গায় পুঁতে ফেল। তার ওপর কয়েকটা গাছটাছ পুঁতে দিও। আর হ্যাঁ — গর্তটা গভীর করে খুঁড়ো কিন্তু। আমি এখুনি বেরিয়ে যাচ্ছি এখান থেকে। বাকী সব একটু সামলে নিও ভাই।'

'হুজুর, বাপের আমল থেকে আপনাদের বংশের নুন খেয়ে আসছি। ছিন্তা করবেন না — গাছের পাতাটিও জানতে পারবে না। আপনি শুধু দয়া করে তাড়াতাড়ি চলে যান।'

ওরা দুজনে প্রায় দৌড়ে গিয়ে গাড়ীতে উঠেছিল সেদিন। ভোরের আলোয় শৈলেন্দ্র একবার তাকিয়েছিল বাগানের দিকে, যেখানে ফুলওয়ার নিথর দেহ ঘাসের ওপর উপুড় হয়ে পড়ে ছিল। ভয়ে সারা শরীর কাঁপছিল ওর। অ্যাক্সিলারেটরে যত জোরে পারে চাপ দিয়ে এক ঝটকায় গাড়ী নিয়ে পালিয়েছিল সেখান থেকে। রুমাল দিয়ে মুখ মুছতে মুছতে হরীশ বলল, 'ঐ দেহাতী ছুকরী এতটা ডেঞ্জারাস হবে ভাবিনি।'

'এখন ওর আত্মীয়স্বজন যদি জানতে পারে, তাহলেই আমাদের খেল খতম।' গভীর চিন্তিত শোনায় শৈলেন্দ্রর গলা।

'দূর, কী করে জানবে ? কাল ঐ রাস্তার ধারেকাছে কোনো জনমনিষ্যিই ছিলনা। তবে রাম সিং যদি বিশ্বাসঘাতকতা করে, তাহলে অন্য কথা।'

'মনে তো হয় করবে না।' দাদাকে আশ্বাস দিতে গিয়ে নিজেই আরো উদ্বিগ্ন হয়ে পড়ে শৈলেন্দ্র।

'ছাড় ওসব কথা। আচ্ছা শৈলু, শুনলাম সামনের মাসের দশ তারিখে নাকি তোর বিয়ের পাকাদেখা আর আশীর্বাদ ?'

'হুঁ, মাকে পুরুতমশাই তো ঐ ডেট্ই দিয়েছেন। আমি ভাবছিলাম, ঐ আদিবাসী মেয়েটা তো খুব গরীব। বলছিল মা-র জন্য ওষুধ আনতে যাচ্ছে। মা-টাও যদি মরে গিয়ে থাকে —' শৈলেন্দ্রর গলায় অনুতাপের সুর।

'ওঃ, শৈলু! ফর্ গড্স্ সেক্, ঐসব আজেবাজে কথা বলিস না। আমি এমনিতেই টেনশনে আছি। আরে, পিছনে ওটা কী আসছে দেখ তো! পুলিশের জীপ নাকি ?'

রিয়ারভিউ মিররে অনেক পিছনের সেই গাড়ীটাকে দেখে শৈলেন্দ্র গাড়ীর গতি আরো অনেকটা বাড়িয়ে দিল। হরীশ আশংকায় বলে উঠল, 'করছিস কী ? করছিস কী ? এতে তো আমাদের আরো সন্দেহ করবে। রিল্যাক্স্।'

শৈলেন্দ্র হর্ন না বাজিয়ে ঐ একই গতিতে সামনের ডানদিকের বাঁকটা নিতেই উল্টোদিক থেকে আসা আসা বিশালকায় ট্রাকে গিয়ে সোজা ধাক্কা মারল গাড়ী। তারপর — তারপর শৈলেন্দ্রর আর কিছু মনে নেই।

জ্ঞান ফিরতে যে কঠিন সত্যের মুখোমুখি হতে হল ওকে, তার চেয়ে মরে যাওয়াই হয়তো ভাল ছিল। হরীশ দুর্ঘটনাস্থলেই মারা যায়। ও তো মুক্তি পেয়ে গেল, কিন্তু শৈলেন্দ্রর কোমরের নীচের অংশ এমন বিশ্রীভাবে থেঁতলে গিয়েছিল যে দুটো পা-ই হাঁটুর অনেকটা ওপর থেকে কেটে বাদ দিতে হল। এখনো কৃত্রিম পা লাগিয়ে চলাফেরা করার মতো জোর ওর দুই উরুতে নেই।

নিজের অজান্তেই বিছানায় সোজা হয়ে বসেছিল ও। মুখ দিয়ে অস্ফুট চীৎকারও বেরিয়েছিল একটা। রাম সিং শুনতে পেয়ে ছুটে এসে বলল, 'কী হয়েছে ভাইসাব ? মাথা ধরেছে ?' সম্ভবতঃ ওকে দুহাতে মাথা চেপে ধরতে দেখে রাম সিং-এর তাই মনে হয়েছিল।

'এক কাপ চা হবে, রাম সিং ?' ক্লান্তস্বরে প্রশ্ন করে ও।

'এখুনি আনছি ভাইসাব। পাঁচ মিনিটে নিয়ে আসছি।'

শৈলেন্দ্রর গলা শুনে মা-ও ছুটে এসেছিলেন। 'কী সুন্দর সকালটা, দেখেছিস শৈলু ? তুই তৈরী হয়ে নে, তারপর চল দুজনে মিলে খামারবাড়ীর আশপাশে একচক্কর ঘুরে আসি। রাতে ঘুম ভাল হয়েছিল তো ?'

'হ্যাঁ হ্যাঁ', মৃদুস্বরে বলে ও।

ভিখু এসে হুইল চেয়ারে বসাল ওকে। লনে পাতা টেবিলে চা-জলখাবার সাজিয়ে অপেক্ষা করছিল রাম সিং।

'রাম সিং, তাড়াতাড়ি বাজারে যাও মাছ আনতে। এখন গেলে টাটকা পাবে। শৈলু খুব ভালবাসে। আর এই চিঠিটাও ফেলে দিও ডাকবাক্সে, তোমার সাহেব ওদিকে চিন্তা করছেন।'

রাম সিং চলে যেতে মা ভিখুকে বললেন, 'ভাইসাবকে পুরো খামার ঘোরাবে। আগে ফলের বাগানের ওদিকটায় চলো। দেখি এবার ফলটল কেমন হয়েছে।'

'আচ্ছা মাঈজী। চলেন, দেখে খুশী হবেন', হুইল চেয়ার ঠেলতে ঠেলতে একগাল হেসে জানায় ভিখু, 'এবার লিচুর ফলন ভাল হইচে, উপচে পড়তিচে। গেলবার এই খামারের পেঁপে এত মিঠে হয়েচিল যে বাজারে পড়তি পায়না।'

ফল দেখা হয়ে গেলে হুইল চেয়ার চলল খামারের সেই নির্জন কোণে, যেখানে একটা মহুয়া গাছ তার ফুলে ফুলে মাটিতে লাল-সাদা চাদর বিছিয়ে রেখেছে। হাওয়ায় তার মাদকতাময় সৌরভ ভুরভুর করছে।

'বাঃ ভিখু, বাঃ। ফার্মের এই কোণে মহুয়া লাগানোয় দারুণ দেখতে লাগছে তো ! কী সুন্দর ফুল। রোজ সকালে এই ফুল তুলে ভাইসাবের ঘরে সাজিয়ে রাখবে। ঘরে সুন্দর গন্ধ হবে। কী, ঠিক বলিনি শৈলু ?'

'মাইজী, রাম সিং তো বলে এ-গাছ ভাইসাব-ই শহর থেকে ওর হাত দিয়ে পেইঠ্যেচেন। ও কেবল পুঁতেচে।'

'কীরে শৈলু, তুই পাঠিয়েছিস এটা ? কোনোদিন জানতাম না তো আমার ছেলের এত বাগানের শখ !' বলে হাসিমুখে ছেলের দিকে তাকাতেই দেখলেন ছেলের মুখ পাংশুবর্ণ। কেমন একটা ভয়ার্ত দৃষ্টিতে তাকিয়ে আছে গাছটার দিকে।

'কী হল শৈলু ? কী হল ? ভিখু, ভাইসাবকে এখুনি ওর ঘরে নিয়ে যাও —'

